কোন্ দেশে যাহগো আসিবে কত দিনে।
কেমনে রহিব মোরা তোমার বিহনে ॥
বেহুলা নাচনী (৪) প্রবোধিয়া সভাকারে।
শুভক্ষণে যায় রামা দোলার উপরে ॥
বর কন্যা যাইতে বাজে ব্যাল্লিশ বাজনা।
দেখিতে ধাইল যত নগরের অঙ্গনা ॥
পুত্রবধূ লৈয়া সাধু নিজ দেশে যায়।
হংসরথে বিষহরী দেখিবারে পায় ॥
মনসার ভয় সাধু মনে মনে গুণি।
ইথে দুঃখ দেই পাছে চেঙ্গ মুড়ি (৫) কাণী ॥
মুখে হলা হলা (৬) সাধু হৃদয়েতে দুঃখ।
প্রভাতে উঠিএ কালি কুড়্যাব যৌতুক ॥
পুত্রবধূ সদাগর না লইল ঘরে।
সেই রূপে শোয়াইল লোহার বাসরে ॥

বেহুলা লক্ষ্মীন্দরের লোহার বাসর।

---

(১) যে দোলা পট্টবস্ত্রের আবরণে ঘেরা।

(২) কোলে=কনিষ্ঠ। (৩) ভগিনী।

(৪) বেহুলা নর্ত্তকী-শ্রেষ্ঠা ছিলেন, এবং নৃত্য-প্রভাবেই তিনি দেব-সভায় সফলতা লাভ করিয়াছিলেন। বাল্যকালে বেহুলা যখন নাচিতেন, তখন "তার নৃত্য দেখি অমলা মোহ যায়" প্রভৃতি বর্ণনা আমরা এই কাব্যের পুর্ব্বাধ্যায়ে পড়িয়াছি।

(৫) চেঙ্গ=চিংড়ী মৎস্য। চেঙ্গমুড়ি=চিংড়ী মৎস্যের মস্তকের ন্যায় মস্তক যাহার। চাঁদ সদাগর মনসাদেবীকে এই প্রকার কটূক্তি করিতেন।

(৬) হলহলা শব্দ=কলরব।

কালীনাগ লক্ষ্মীন্ধরকে দংশন করিয়াছে। বেহুলা স্বামীর মৃত দেহের পার্শ্বে কাঁদিতেছেন। এই অবস্থায় বেহুলার শাশুড়ী সোণকার বাসর-গৃহে প্রবেশ ও বেহুলাকে গালাগালি।

প্রাণনাথ কোলে কান্দে বেহুলা নাচনী।
ঘরে হৈতে শোনে তাহা সোণকা বাণ্যানী॥
ক্রন্দন শুনিঞা তার শুকাইল হিয়া।
পুত্রবধূ দেখিবারে চলিল ধাইয়া॥
বেহুলা নাচনী কান্দে বড় উচ্চৈঃস্বরে।
দুর্ল্লভ লখাই মৈল খট্টার উপরে॥
দেখিয়া বিদরে প্রাণ চক্ষে পড়ে পানী।
মরা পুত্র কোলে কর্যা কান্দেন বাণ্যানী॥
পুত্রশোক দিতে বেহুলা এতদিন ছিল।
দুর্ল্লভ লখাই মোর না জানি কি কৈল॥
হা পুতির (১) পুত্র মোর বাছা লক্ষ্মীন্ধর।
তোমা লাগি গড়াইল লোহার বাসর॥
কার শাপ হৈল মোরে কেবা দিল গালি।
বংশে কেহ না রহিল দিতে জলাঞ্জলি॥
সোণকা কান্দিয়া দেয় বেহুলারে গালি।
সিঁথার সিন্দুরে তোর না পড়িল কালী॥
পরিধান বস্ত্রে তোর না পড়িল মলি।
পাএর আলতায় তোর না পড়িল ধূলি॥
খণ্ড কপালিনী বেহুলা চিরনীঞা দাঁতী।
বিভা দিনে মৈল পতি না পোহাইল রাতি॥

মৃত পতি লইয়া বেহুলার কলার মান্দাসে যাত্রা।

সোণকার নিষেধ।

কলার মান্দাস ভাসে গাঙ্গুড়্যার (২) জলে।
বেহুলা ভাসিতে যায় প্রভু লয়্যা কোলে॥
সোণকা কান্দিয়ে বোলে আলো অভাগিনী।
এ তিন ভুবনে ইহা কোথাহ না শুনি॥

---

(১) পুত্রহীনার। (২) গাঙ্গুড় নদীর।

শিশু যুবা অবলা যাহার পতি মরে।
বিধবা হইয়া সে থাকয়ে নিজ ঘরে॥
কিসের কারণে তুমি জলে ভাসে যাবে।
প্রতীত কাহার মনে কান্ত জীয়াইবে॥ (১)
বেহুলা বিনয়ে বলে শাশুড়ীর তরে (২)।
মরা পুত্র জীয়ন্ত পাইবে তুমি ঘরে॥
কড়ার তৈলেতে রামা প্রদীপ জালিয়া।
শাশুড়ীর তরে যান বিশেষ বলিয়া॥
কড়ার তৈলেতে দীপ ছয় মাস জ্বলিবে।
তবে সে জানিবে মোর লক্ষ্মীন্দর জীবে॥
সিজান (৩) ধান্যেতে যদি অঙ্কুর নিঃসরে।
মরা পুত্র জীয়ন্ত পাইবে তুমি ঘরে॥
প্রভুর অন্ন ব্যঞ্জন পুরিয়া হেম থালে।
পুতিয়ে রাখিল লৈয়া দাড়িম্বের তলে॥
বেহুলা ভাসিল জলে কলার মান্দাসে।
মনসা আইলা তথা শ্বেত কাক বেশে॥

শ্বেত কাকের দৌত্য।

শ্বেত কাক ঘন ডাকে বিপরীত বাণী।
তাহারে আরতি (৪) করে বেহুলা নাচনী॥
বসিয়া চাঁপার ডালে শুন শ্বেত কাক।
লোহার বাসরে হৈল আমার বিপাক॥
মনসা সহিত বাদ করে সদাগর।
কাল সাপে খাইল মোর কান্ত লক্ষ্মীন্দর॥
তখনি মরিল পতি কালিনীর বিষে।
জলেতে ভাসিয়া যাই জীবন উদ্দেশ্যে॥
প্রাণনাথ কোলে লৈয়া জলে ভাস্যা যাই।
এক নিবেদন আমি কহি তব ঠাঞি॥
জলেতে ভাসিয়া যাই তাহে নাহি তাপ।
অতি দেশ দেশান্তর আমার মা বাপ॥
এমর্ত ব্যথিত এথা নাহি যে আমার।
আমার বাপের বাড়ী কহে সমাচার॥
শ্বেত কাক বলে আমি যাইতে পারিব।
সেখানে মনুষ্য-ভাষা কেমতে কহিব॥

---

(১) তুমি স্বামীকে পুনর্জীবিত করিবে, ইহা কোন ব্যক্তির বিশ্বাস হইবে? (২) নিকটে। (৩) সিদ্ধ। (৪) প্রার্থনা।

বেহুলাকে ফিরাইয়া লইয়া যাইবার জন্য তাঁহার ভ্রাতৃগণের চেষ্টা ও বেহুলার উত্তর।

সোদর দেখিয়া কান্দে বেহুলা সুন্দরী।
সুবল সুন্দর ভাই শুন প্রাণ হরি ॥ (১)
লোহার বাসর ঘরে হইল বিপরীত।
কালসাপে মোর পতি খাইল আচম্বিত ॥
প্রাণনাথ লয়্যা কোলে জলে ভাস্যা যাই।
কহিয় আমার মায়ে আর দেখা নাই ॥
বিভা দিনে মৈল পতি যত অকুশল।
মনেতে মনসা মাত্র ভরসা কেবল ॥
সায় সদাগর পিতা কহিয় তাহারে।
বেহুলার পতি মৈল লোহার বাসরে ॥
জলে ভাস্যা যাই আমি জীয়াবার আশে।
ব্যথিত শুনিঞা কান্দে রিপুগণ হাসে ॥ (২)
সুবল সুন্দর বলে শুনগো বহিনী।
মড়াটা লইয়া কোলে জলে ভাস কেনি (৩) ॥
ছাড়িয়া আইস ঘরে ফিরাহ মান্দাস।
মাতা পিতা নাহি জীব (৪) শুনিঞা হুতাশ ॥
ঘরের প্রধান তুমি সভাকার ভাল।
কুলে ধিকাধিক (৫) দেখ্যা তোমা বিভা দিল ॥
বিভা দিনে পতি মৈল তোমার কপালে।
স্বামীর সৌভাগ্য নাহি ভুঞ্জ চিরকালে ॥
তিন ভাই কান্দি মোরা দণ্ডাইয়া কূলে।
তুমি কেন জলে ভাস মড়া লৈয়া কোলে ॥
শুনিঞা অমলা মাতা মরিব এপনি।
ফির্যা আইস ঘরে যাই বেহুলা নাচনী ॥
বেহুলা বলেন আমি হইলাঙ কড়্যা রাণ্ডী (৬)।
কত আর ফেলাইব নিরামিষ হাণ্ডী ॥

---

(১) সুবল, সুন্দর ও হরি—তিন ভ্রাতার নাম।

(২) যাহারা দুঃখের দুঃখী (ব্যথিত) তাহারা শুনিয়া কাঁদিল, আর শত্রুগণ (রিপুগণ) শুনিয়া হাসিল। (৩) কেন।

(৪) নাহি জীব = বাঁচিবে না। (৫) শ্রেষ্ঠ।

(৬) বাল বিধবা।

মা বাপের বাড়ীতে আমার নাহি সাজে।
সকল ভাউজের (১) সঙ্গে মোর দ্বন্দ্ব বাজে॥
সহিতে না পারি আমি দুরক্ষর বাণী।
কূলে দাণ্ডাইয়া ভাই আর কাঁদ কেনি॥
তিন ভাই বলে দিদি (২) তোর অল্প জ্ঞান।
সর্পাঘাতে মৈলে কেবা পায় প্রাণ দান॥
শিশুমতি ভগিনিগো বুঝ বিপরীত।
তোর পতি প্রাণ দান পায় কদাচিত॥
নগরের যত লোক অশেষ বুঝায়।
মড়াটা লইয়া কোলে কোথা ভাস্যা যায়॥
তুমি শিশু সীমন্তিনী নহলী (৩) যৌবনী।
কেমতে যাইবা ভাস্যা বেহুলা নাচনী॥
জলে জলজন্তু আছে হাঙ্গর কুম্ভীর।
দেখিয়া তোমার মন হইব অস্থির॥
অরণ্য অতুল বনে চরে সিংহ বাঘ।
প্রবল মহিষ গণ্ডা চরে লাখে লাখ॥
অবলা অকৃতী তুমি বড় অভাজন।
দেখিয়া তোমার রূপ মোহে মুনিগণ॥
যে জন ব্যথিত হয় প্রবোধিয়া কয়।
কেমনে ভাসিয়া যাবে মনে নাঞি ভয়॥
বেহুলার মন তাহে প্রবোধ না মানে।
নিমিথ মিলায় তার প্রভুর বদনে॥ (৪)
চাঁদ বাণ্যা নাহি কান্দে পেয়ে পুত্রশোক।
লখাই লাগিয়া কান্দে নগরের লোক॥
কূলে দাণ্ডাইয়া কান্দে বেহুলার ভাই।
বাহুড় বাহুড় (৫) দিদি চল ঘরে যাই॥

(১) ভাজের = ভ্রাতৃ-বধূগণের।

(২) ছোট বোনকে আদর করিয়া 'দিদি' সম্বোধন করা হইয়াছে।

(৩) নহলী = নবীন।

(৪) নিমিথ = নিমিষ = পলক, অর্থাৎ অপরের সহিত কথোপকথন হইলেও বিপুলা লক্ষীন্দরের মুখেই দৃষ্টি রাখেন।

(৫) ফিরিয়া এস, ফিরিয়া এস।

বেহুলা বলিল দাদা না কান্দিহ আর।
চাঁপাতলায় পুত্যা রাখ মেলানির (১) ভার॥
প্রভু জীয়াইতে পারি তবে সে আসিব।
খাইয়া মেলানি ভার মায়েরে দেখিব॥
অকারণে কান্দ ভাই দাণ্ডাইয়া কূলে।
পাইবে আমার দেখা প্রাণনাথ জীলে (২)॥
এত বলি বেহুলা জলেতে ভাস্যা যায়।
দুকূলের যত লোক অশেষ বুঝায়॥
বনী (৩) নিতে আন্যা ছিল নানা উপহার।
চাঁপাতলায় পুত্যা রাখে মেলানির ভার॥

তিন ভ্রাতার গৃহে প্রত্যাবর্ত্তন।

হায় হায় করে যত নগরের লোক।
তিন ভাই ঘরে গেল পায়্যা বড় শোক॥
বেহুলা দেবীর দাসী জানে নানা সন্ধি।
তিন পরে (৪) তিন নাগ কর্য্যাছিল বন্দী॥
সাপের সাঁপুড়্যা হাতে সুবর্ণের জাতি।
বেহুলা ভাসিয়া যায় কোলে প্রাণপতি॥
বান্ধিয়া কালির পুচ্ছ নেতের আঁচলে। (৫)
কলার মান্দাস ভাসে ঢেউর হিল্লোলে॥
দেবীর রুপার তা র নাহি কোন সন্দে।
চাঁপাতলা এড়াইয়া গেল কোঙরবন্দে॥
ক্ষেমানন্দ বলে এত মনসার মায়া।
করগো করুণাময়ী নাএকেরে (৬) দয়া॥

মান্দাসে জল-পথে।

তিন দিনে বেহুলা ভাসিল রাজপুর।
নবখণ্ড এড়াইয়া গেল বহুদূর॥
প্রাণহীন পতি যার কোলে লক্ষীন্ধর।
ভাসিতে ভাসিতে পাইল বাঁকা দামোদর॥
যুঝাটী গোবিন্দপুর বর্দ্ধমান ভাস্যা।
আল্যা গাঙ্গপুরে বেহুলা উত্তরিলা আস্যা॥

---

(১) তত্ত্বের দ্রব্যাদির। (২) জীবন পাইলে।
(৩) ভগিনী। (৪) প্রহরে।
(৫) বেহুলা কালিনাগের খানিকটা লেজ কাটিয়া বস্ত্রাঞ্চলে বন্দী করিয়া রাখিয়াছিলেন। (৬) নায়কেরে = গায়কেরে।

বিষহরী বিনোদিনী বিড়ম্বিল তায়।
গাঙ্গপুরে বেহুলার মান্দাস আল্যায় (১) ॥
বাঁশের গজাল যত সব গেল ছাড়্যা।
খান খান হয়্যা যত ভাসে কলা গাড়্যা (২) ॥
হাঙ্গর কুম্ভীর জোঁক জল-জন্তু যত।
বেহুলার আশে পাশে ভাসে শত শত ॥
ক্ষণে ক্ষণে জলে ডুবে ক্ষণে ভাস্যা উঠে।
লোহার করাত যেন ত্রিশিরার পীঠে ॥
দেখিয়া বেহুলা কান্দে পায়্যা বড় শোক।
ধরিল মড়ার গায় হানে এক জোঁক ॥
ছাড়াইলে নাঞি ছাড়ে মাংসেতে লুকায়।
হরি হরি বেহুলার কি হবে উপায় ॥
কলার মান্দাস গেল হয়্যা খানি খানি।
বিষাদ ভাবিয়া কান্দে বেহুলা নাচনী ॥
মনসার মন্ত্র রামা জপে নিরবধি।
দাসীরে এতেক দুঃখ তুমি দিবে যদি ॥
বিষম তোমার মায়া কহনে না যায়।
মান্দাস লাগুক যোড় তোমার কৃপায় ॥
বেহুলা বিনয় করে মনসার তরে।
মান্দাস লাগিল যোড় ব্রহ্মাণীর বরে ॥
অবিরত মনে কত গণিব হুতাশ।
দেউল্যার ঘাটে ভাসে কলার মান্দাস ॥
উলিয়া দেউল্যার জলে বেহুলা নাচনী।
স্নান করি জপ করে হরের নন্দিনী ॥
মৃণ্ময়ী বিষহরী পূজয়ে কমলা।
তিন দিন তার পূজা করিল বেহুলা ॥
বান্ধিয়া পূজার ঘাটে কলার মান্দাস।
দেবীর দেউলে বসি করে উপবাস ॥
পূজায় আকাশ বাণী হৈল আচম্বিতে।
এখানে বসিয়া তুমি জপ কর কি করিতে ॥

---

(১) এলাইয়া পড়িল=খসিয়া পড়িল।
(২) গেউড়=মূল; এখানে গাছ।

দৈববাণী।

সুরপুরে তোর পতি পাবে প্রাণদান।
পূজায় বসিয়া কত সব (১) মড়া-ঘ্রাণ ॥
পূজায় করিয়া পূজা জগতী কমলা।
ভাসিল আমাদিপুর সুন্দরী বেহুলা ॥
গোদাঘাটা পশ্চাৎ করিয়া সীমন্তিনী।
জলেতে ভাসিয়া যান দিবস রজনী ॥
পথের পথিক যত পথ বায়্যা যায়।
বেহুলার রূপ দেখি ঘন ঘন চায় ॥
ত্রিজগৎ মোহিনী কন্যা মড়া লয়্যা কোলে।
কলার মান্দাসে ভাসে ঢেউএর হিল্লোলে ॥
গহন কানন বনে গমাগম নাই।
নির্গম গম্ভীর জলে কোলেতে লখাই ॥
বেহুলা ভাসেন তাহে জপিয়া মনসা।
তোমার চরণমাত্র কেবল ভরসা ॥
পচা মড়া জলে ভাসে বিপরীত ঘ্রাণ।
কদাচ চঞ্চল নহে বেহুলার প্রাণ ॥ (২)
তাহাতে দ্বিগুণ প্রেম বেহুলার বাড়ে।
মড়া অঙ্গে বৈসে মাছি ঘন ঘন তাড়ে ॥
দিবসে দিবসে তাহে কীট ক্রিমি মাছি।
ঘন ঘন বৈসে তাহে মড়া অঙ্গে মাছি ॥
বেহুলা তাড়েন যত নহে নিবারণ।
পুতিকা (৩) প্রবেশে তাহে মশক-নন্দন ॥
অস্থি মর্ম্ম পচে তার কি কহিব কথা।
মাতিস্বরে মড়া অঙ্গে পাড়িল মাছ্যাতা ॥
বেহুলা ভাঙ্গেন যত নিবারণ নয়।
বেহুলা ভাঙ্গেন যত পূর্ণরূপী হয় ॥
প্রভুর শরীরে মাছি করে ডিম্ব ছা।
মনসা জপিয়া মনে কান্দেন বেহুলা ॥
পচিয়া গলিয়া গেল সে তনু সুন্দর।
আর কি পাইব প্রাণ প্রভু লক্ষীন্ধর ॥
অবিরত মনে কত গণিব হুতাশ।

(১) সহিবে। (২) গলিত শবের দুর্গন্ধেও বেহুলা বিচলিত হইলেন না। (৩) ছোট মাছি

কুকুর-ঘাটা।

কুকুর-ঘাটায় ভাসে কলার মান্দাস॥
কালিয়া কুকুর এক লোটী দুই কাণ।
শ্রম বসে আইল করিতে জল পান॥
জিহ্বা বাড়াইয়া শুনা (১) জল খাএ ঘাটে।
কলার মান্দাস আইল তাহার নিকটে॥
সহজে কুকুর জাতি পায়্যা মড়া গন্ধ।
তাহার মনেতে যেন সুধা মকরন্দ॥
পুলকিত হৈল অঙ্গ চারি পানে চায়।
ছোঁ ছোঁ করিয়া ভূমি শুঁকিয়া বেড়ায়॥
দেখিয়া শুনার হইল চঞ্চলিত মন।
জলে ঝাপ দিয়ে পড়ে পায়্যা মড়া-ঘ্রাণ॥
ছি ছি বলি বেহুলা ভাসিল বহুদূর।
কুম্ভীরে খাউক তোরে দারুণ কুকুর॥
বেহুলার শাপ তারে বৃথা নাহি যায়।
কুকুর অস্থির হৈল ঘুরিয়া বেড়ায়॥
সাঁতার না জানে শুনা নাহি পায় তীর।
হেন কালে তার পাএ ধরিল কুম্ভীর॥
হাসিয়া কুকুর-ঘাটা ভাসিল যুবতী।
রচিল কেতকা দাস সেবিয়া জগতী॥

শৃগাল-ঘাটা।

কান্ত কোলে করি বেহুলা সুন্দরী
জলেতে ভাসিয়া যায়।
সঘনে হুতাশ কলার মান্দাস
চলে মন্দ মন্দ বায়॥
মাছি ঘনে ঘনে প্রভুর বদনে
উড়িয়া বৈসে গিয়া।
বেহুলা নাচনী তাড়েন আপনি
নেঁতের আঁচল দিয়া॥
মৃত পতি কোলে মাংস পচে গলে
ঘ্রাণে প্রাণ নহে স্থির।

(১) শ্বা=কুকুর।

দিবস রজনী ভাসেন নাচনী
পায়্যা স্রোত পথ নীর ॥
বনে বনচারী শার্দ্দূল কেশরী
শশক হরিণী চরে।
বেহুলা ভাস্যে যায় দেবীর কৃপায়
দেখিতে না পায় তারে ॥
পায়্যা পচা ঘ্রাণ স্থির নহে প্রাণ
যত পশুগণ কয়।
এ হেন সুন্দরী মড়া কোলে করি
কোথা জলে ভাস্যা যায় ॥

শৃগালগণের অনুনয়।

হুকাই ঘুকাই তারা দুই ভাই
শৃগাল ছাগল-ধরা।
যতেক শৃগাল হয়্যা এক পাল
কূলে দাণ্ডাইঞা তারা ॥
মড়া-ঘ্রাণ পাঞা কূলে দাণ্ডাইঞা
আপন ভাষাতে ডাকে।
মড়াটা ফেলাঞা দেহনা সুন্দরী
প্রাণ পাই তোর পাকে (১) ॥
সপ্ত দিবা নিশি আছি উপবাসী
যতেক শৃগালপাল।
মড়া দিয়া মোরে তুমি যাহ ঘরে
খ্যাতি রহু চিরকাল ॥
উদর পূরিয়া খাই মড়া-মাস
যতেক শৃগাল মোরা।
কুলধর্ম্ম যত রাখিতে উচিত
তুমি ঘরে যাহ ফিরা ॥
ঐ প্রাণধন দেখ যেই জন
যাহার পায়্যাছ ঘ্রাণ।
কি আর কহিব যারে খাইতে চাহ
মড়া নহে মোর প্রাণ ॥
কিবা করী আশ সকলি নিরাশ
যতেক জম্বুকী শুন।

---

(১) কৃপায়।

প্রভু পুনর্ব্বার জীবেক আমার
তোমরা না কর দূন(১)॥
এত কথা শুনি যত জম্বুকিনী
এ পড়ে উহার গাএ।
অপূর্ব্ব কাহিনী কভু নাহি শুনি
মড়া নাকি প্রাণ পাএ॥
শুন ধনী আলো কূলে টাঙ্গা ফেল
উদর পূরিয়া খাই।
তুমি নিজ ঘরে চলহ সত্বরে
মোরা বনে বনে যাই॥
এ নব যৌবনে কিসের কারণে
মড়াটী লইয়া কোলে।
লাজহীন নারী শুনহ সুন্দরী
কোথা ভাস্যা যাহ জলে॥
শৃগাল কথনে বেহুলার মনে
কিছু নাহি অভিমান।
এ সব শোচন ঘুচিব তখন
প্রভু পাইলে প্রাণদান॥
ভাসিঞা সিয়ালা (২) নাচনী বেহুলা
গেল বহু দূরান্তর।
মনসা-চরণ পরম কারণ
ক্ষেমানন্দ মাঁগে বর॥

মৃত পতিকে সঞ্জীবিত করিয়া বেহুলা গৃহাভিমুখে।

নগর নিকট আইল আপনার দেশ।
স্বর্গের কিন্নরী যেন বেহুলার বেশ॥
লখার দ্বিগুণ রূপ দেবীর কৃপায়।
বেহুলা সাবিত্রী যারে মনসা সহায়॥
নগরের নিকটে আইল ঘাট চাঁপাতলা।
হেন কালে প্রাণনাথে কহেন বেহুলা॥

---

(১) অভিশাপ।
(২) শিয়াল-ঘাটা।

চাঁপাতলার উপহার।

বেহুলা বলেন শুন সুন্দর লখাই।
তোমারে লইয়া যবে জলে ভাস্যে যাই॥
সহিত মেলানি ভার সঙ্গে সহচর।
আমা নিতে আস্যা ছিল তিন সহোদর॥
ফিরিয়া না গেলাঙ আমি তা সভার বোলে।
মেলানির ভার পুত্যা রাখে চাঁপাতলে॥
পুর্ব্বকথা ভাল মনে পড়িল আমার।
আছে কি না আছে সেই মেলানির ভার॥
কোদালে কুলের মাটী কুড়েন কাণ্ডারী (১)।
নানা দ্রব্য তোলে তলে বেহুলা সুন্দরী॥
চিপট (২) মুড়কি তাহে মোদাম সন্দেশ।
রসাল পাণের বিড়া ভোগাদি বিশেষ॥
ডাঁগর ঝালের লাড়ু চিনি-চাঁপা কলা।
তাহা হৈত্যে নানা দ্রব্য তুলেন বেহুলা॥
বিচিত্র নলদ খেমি (৩) দিয়ে ছিল তায়।
শ্রবণে সোণার গাঁঠা নানা দ্রব্য পায়॥
সোণার কৌটা তাহে সুরঙ্গ সিন্দুর।
পরশের হার তথি শোভিত প্রচুর॥
বিচিত্র চিরণী তাহে আওনার ঠুলি।
সরস গুবাক তাহে ছিল কথোগুলি॥
ছয়মাস ছিল দ্রব্য মাটীর ভিতর।
নাহি টুটে নাহি পচে পরম সুন্দর॥
বেহুলা কেবল মাত্র মনসার দাসী।
তেকারণে যতদ্রব্য ছিল অবিনাশী॥
তুলিয়া সে সব দ্রব্য স্নান দান করি।
বেহুলা লখাই পূজে জয় বিষহরী॥
দেবীরে প্রণাম করে যোড় দুই করে।
তবে স্নান করাইল ছয়টী ভাসুরে॥
চিপট মুড়কি তাহা হরষিতে খায়।
রচিল কেতকা দাস মনসার পায়॥

তুলিয়া মেলানির ভার যত নানা উপহার
বেহুলা দিলেন সভাকারে।

---

(১) মাঝি। (২) চিপিটক = চিড়া। (৩) [illegible]

মা বাপ পড়িল মনে ফুকরিয়া সেই খানে
বিস্তর কান্দেন শোকাতুরে॥
বাড়ে বড় মনস্তাপ সায় সদাগর বাপ
মাতা মোর অমলা বাণ্যানী।
বিভার দিবস দিনে নাহি দেখি ইহা বিনে
কি হইল বেহুলা অভাগিনী॥
তথা মোর ছয় ভাই চিরকাল দেখি নাই
শোকে প্রাণ ধারণে না যায়।
শুন হে প্রাণের পতি যদি কর অবগতি
আগে সে দেখিব বাপ মায়॥

পিতৃগৃহে যাইবার ইচ্ছা।

শুন হের প্রভু লক্ষ্মীন্দর।
অতি দেশ দেশান্তরে নিছনি করি নগরে (১)
মোর প্রত্যাশায় সদাগর॥
প্রাণ পোড়ে রহি রহি তোমার সদনে কহি
মা বাপ দেখিতে যাব তথা।
না দেখিয়ে প্রাণ ফাটে বহিত্র (২) রাখিয়া ঘাটে
আগে সে দেখিব মাতা পিতা॥
তথা হৈতে আসি তবে নিজ পুর চল সভে
পরিচয় চিন্তিব উপায়।
বেহুলার কথা শুনি লক্ষ্মীন্দর কহে বাণী
কি রূপেতে যাইবে তথায়॥

হরি হরি বিধাতার মায়া।
মরিয়া পাইলা প্রাণ পূর্ব্ব শাপ পরিত্রাণ
পুনরপি দেবী কৈল দয়া॥
লখারি ভাঙ্গিল ভ্রম পুনরপি পাইল জন্ম
বেহুলাকে প্রবোধিয়া কয়।
এরূপ যৌবন বেশে তোমার বাপের দেশে
গেলে যদি পায় পরিচয়॥
তবে সে আসিতে আর নাহি দিব পুনর্ব্বার
তবে হবে কেমন উপায়।

পিত্রালয়-পথে।

---

(১) "নিছনি" নামে নগর।

(২) বহিত্র=নৌকা।

যোগিনী-বেশে।

নিজ মূর্ত্তি পরিহর যোগিনীর বেশ ধর
বিভূতি ভূষণ সর্ব্ব গায়॥
বেহুলা প্রভুর বোলে নানা আভরণ ফেলে
ধরে রামা যোগিনীর বেশ।
রঙ্গণ কাপড় পরে শ্রবণে কুণ্ডল দোলে
জটা হৈল মস্তকের কেশ॥
ধবল দশনপাঁতি অঙ্গে লেপে বিভূতি
তেজিয়া গলার সাত-নরী।
বিভূতি ভূষণ ঢালি অচিরাতে অঙ্গ কালী
পিনাক (১) করে করিয়া সুন্দরী॥
যাইতে বাপের দেশ হইলা যোগিনীর বেশ
লক্ষীন্ধর চলে তার সাথে।
শঙ্খের কুণ্ডল কাণে যোগী হয়্যা দুই জনে
মায়ারূপে থাল কৈল হাতে॥
চৌদ্দ ডিঙ্গা ঘাটে থুয়্যা যোগী আর যোগিনী হয়্যা
চলিল বেহুলা লক্ষীন্ধর।
রূপে জিনি তিলোত্তমা রাঙ্গণ কাপড়ে রামা
ঢাকাইল শঙ্খ সুন্দর॥
গলায় রুদ্রাক্ষ মাল কান্ধে ঝুলি হাতে থাল
লক্ষীন্ধর চলে আগে আগে।
বেহুলা তাহার পাছু লজ্জায় না বলে কিছু
মায়া রূপে দুঁহে ভিক্ষা মাঁগে॥
সিংহনাদ শুনি গলে শিব শিব ঘন বলে
মুখে অন্য না নিঃসরে কথা।
দেবী মনসার গীত ক্ষেমানন্দ বিরচিত
নাএকেরে হবে বরদাতা॥

বেহুলা পিত্রালয়ে।

বেহুলা লখাই হৈল যোগী আর যোগিনী।
ঘরে ঘরে ভিক্ষা মাঁগে হেতু নাই জানি॥
সভাকার ঘরে গিয়া সিংহনাদ পূরে।
শিব শিব বাণী তার বদনে নিঃসরে॥
বেহুলা লখাই ভিক্ষা মাগে বাড়ী বাড়ী।
থালের উপর কেহ দেই চালু কড়ি॥

---

(১) শিঙ্গা।

থালে চালু কড়ি দিতে আচম্বিতে উঠে।
চিনিতে না পারে কেহ বুলে কোন ভাবে॥
বেহুলার বাপ তিনি সায় সদাগর।
নগরের মধ্যখানে বটে তাঁর ঘর॥
সুগঠন ঘর দ্বার বিচিত্র আকার।
প্রাচীর প্রচুর বড় চারি দিকে তার॥
বাড়ীর ভিতরে ঘর সোণার ছিটনি।
সায় সদাগর তাহে অমলা বাণ্যানী॥
বেহুলা নাচনী গেছে মা বাপ দেখিতে।
মায়ার কারণে কেহ না পারে চিনিতে॥
দুই প্রহর বেলা যথন গগন-মণ্ডলে।
যোগী আর যোগিনী গিয়া প্রবেশে মহলে॥
সত্য জাগে জাগে সিংহনাদ শুনি।
ঘরে হৈতে বার্যাইল অমলা বাণ্যানী॥
সুবর্ণের থালে রামা লয়্যা চালু কড়ি।
লথাই অন্তর হৈল দেখিয়ে শাশুড়ী॥
বিমুখ বাণ্যার বালা (১) পরম লজ্জায়।
বেহুলা ঈষৎ হাসে প্রতিমার প্রায়॥
চালু কড়ি দেই রামা যোগিনীর থালে।
আচম্বিতে উড়ে তাহা দেবী অনুবলে (২)॥
অমলা বাণ্যানী যদি দেখে এত সব।
যোগিনীরে জিজ্ঞাসিল মনে অনুভব॥
সত্য কথা বল মোরে শুন লো যোগিনী।
এ তিন ভুবনে আমি বড় অভাগিনী॥
তোমারে দেখিয়া মোর কান্দেত পরাণ।
মোর ঝী বেহুলা ছিল তোমার বন্ধান (৩)॥
না জানি কোথারে গেল মড়া লৈয়ে কোলে।
যোগিনী জাগাইলে শোক বেহুলার বদলে॥
অমলা বলেন তুমি কহ আত্ম মূল।
থালে দিতে নাঞি কেন কড়ি আর তণ্ডুল॥
বেহুলা বলেন তুমি কি কর জিজ্ঞাসা।
যোগী আর যোগিনী মোরা তরুতলে বাসা॥

(১) বালক=লক্ষীন্দর। (২) মায়ার। (৩) মত।

নগরে মাঁগিএ খাই হাতে কর্য্যা থালে।
সন্ধ্যাকাল হৈলে মোরা যাই তরুতলে॥
ইহা বিনু আর মোরা কিছু নাঞি জানি।
ইহাতে পুছহ কিবা অমলা বাণ্যানী॥
অমলা বেহুলারূপ সঘনে নেহালে।
দ্বিতীয় বেহুলা তুমি বেহুলা বদলে॥
তোমারে দেখিয়ে মোর বিদরে হৃদয়।
বেহুলা লখাই বট দেহ পরিচয়॥
বেহুলা বলেন মাতা নিবেদিব কি।
যোগী তোমার জামাতা যোগিনী তোমার ঝী॥
বেহুলা লখাই বটি না কান্দিহ আর।
প্রাণপতি জীয়াইল পূর্ব্ব সমাচার॥

পরিচয় ও মিলন।

শুনিঞা অমলা কান্দে পাইঞা পূর্ব্বশোক।
ক্রন্দন শুনিয়া আইল নগরের লোক॥
কেন কেন কেহ বলে কেহ পুছে বাণী।
কেহ বলে হেদে আইল বেহুলা নাচনী॥
ধন্য ধন্য বলে যত নগরের লোক।
এত দিনে নিভাইল মা বাপের শোক॥
অমলা বলেন বেহুলা আইস নিজ ঘরে।
বেহুলা বলেন আমি যাব কোথাকারে॥
শুন শুন জন্মদাতা শুন গো জননী।
মোর পতি খাইয়াছিল এ কাল নাগিনী॥
বিষহরী মোর তরে করিল কল্যাণ।
ছয় মাস মর্য্যা পতি পাইল প্রাণ দান॥
আমার শ্বশুরা তাঁর করে অপমান।
এত দিনে পূজিবেন হয়্যা সাবধান॥
আর কিছু মোর তরে না কর জিজ্ঞাসা।
পরিচয় শেষে আছে পূজিলে মনসা॥
বিদায় হইতে গড় করে বাপ মায়।
রহ রহ বলি রামা ধরণী লোটায়॥
কাতর হৃদয়ে কান্দে নগরের লোক।
কেন বা আইলে তবে জাগাইতে শোক॥
আর বার বেহুলা লখাই তুই জনে।
চাঁপাতলা আইল বহিত্র যেই থানে॥

লক্ষের বিয়নি।

বহিত্রর কাছে গিয়ে বেহুলা লখাই।
পরিচয় বুদ্ধি গিয়ে স্থজিল তথাই ॥ (১)
বেহুলা দেবীর (২) দাসী বুদ্ধের সাগর।
ডাক দিয়ে আনিল কামিল্যা বিশ্বম্ভর ॥
বিশ্বকর্ম্মে পাণ (৩) দিল বেহুলা নাচনী।
আমারে গড়িয়া দিবে লক্ষের বিয়নি (৪) ॥
আমার শ্বশুরা চাঁদ সোণকা বাণ্যানী।
পরিচয় লিখ তাহে কহিল নাচনী ॥
বেহুলা লখাই লিখ সভাকার শেষে।
আর চিত্রকর যত নগরে নিবৈসে (৫) ॥
কামিণ্যারে (৬) আরতি (৭) দিলেন ফুল পাণ।
ক্ষেমানন্দ বলে কর নাএকের কল্যাণ ॥

বেহুলা আদেশে কামিল্যা হরিষে
লক্ষের বিয়নি গড়ে।
অতি সুগঠন কৈল আয়োজন
চাঁদ চুয়াইয়া পড়ে॥
কামিল্যা বন্ধানী গঠিছে বিয়নি
শুধু সুবর্ণের ডাটী।
বিয়নি দেখিয়া স্থির নহে হিয়া
পবন মানিল ভাটী ॥ (৮)
কি যে অপরূপ সোণার বিম্বুক
শোভিছে বিয়নি বুকে।
তাহে ঝলমল সোণার কমল
শোভে তার চারি দিকে ॥

বিয়নি নির্ম্মাণ।

---

(১) কি পরিচয় দিতে হইবে সেই বুদ্ধি স্থির করিল।
(২) মনসার।
(৩) পাণ হস্তে দিয়া আদেশ করার রীতি ছিল।
(৪) লক্ষের = লক্ষ মুদ্রা মূল্যের। বিয়নি = বিজনী।
(৫) নিবসে। (৬) শিল্পীকে। (৭) পুরস্কার
(৮) বায়ু পরাজয় মানিল।

ভাঙ্গি পূর্ণ ইন্দু রচে বিন্দু বিন্দু
কনকঁ কুসুম ফুলে।
ভানু হেন দেখি করে ঝিকি মিকি
কিব্যা দিব সমতুলে॥
সোণার গুণাতে তার চারি ভিতে
বিনোদ বন্ধানে বান্ধে।
রাখি পৃথিবীতে বিয়নি দেখিতে
চাঁদ ভূমে যেন কাঁদে॥
চিত্র মনোহর দেখিতে সুন্দর
লক্ষের বিয়নি খানি।
আর লিখে তায় বিশেষ উপায়
পূর্ব্ব পরিচয়-বাণী॥
চাঁদ সদাগর সোণকা ব্যণ্যান;
লিখেন তাহার বাড়ী।
ছয় পুত্র তার চিত্র কৈল আর
ঘরে ছয় বধূ রাঁড়ী॥
নগর নিবাসী এ পাট পরশী (১)
লিখি প্রতি জনে জনে।
সাতালি পর্ব্বতে লোহার বাসরে
বেহুলা লখাইর সনে॥
লিখে এই সব শোক কলরব
বেহুলা ভাসিয়া যায়।
লক্ষের বিয়নি কামিল্যা আপনি
এত চিত্র কৈলা তায়॥
চাঁদ সদাগর নেড়াত নফর
আর লিখে ঝাউয়া চেড়ী (২)।
কামিল্যা উল্লাস করিতে বাতাস
গঠিল সোণার ডাঁড়ী (৩)॥
কামিল্যা তথাই বলিছে লখাই
শুন তোরা এক ভাবে।
লক্ষের বিয়নি গড়্যা দিল আনি
ইহাতে সকলি পাবে॥

(১) পাড়া প্রতিবাসী। (২) ঝাউয়া নাম্নী দাসী। (৩) বাট।

এত বলি কথা নিজ পুরী যথা
চলি গেলা বিশ্বকর্ম্ম।
ভাবিয়া আপনি বেহুলা নাচনী
প্রাণনাথে কহে মর্ম্ম॥
শুন প্রাণপতি কর অবগতি
ইহার উপায় পিছে।
শুনি লক্ষীন্ধর কহিছে উত্তর
যে তব মনেতে ইচ্ছে॥
প্রভুর বচনে ভাবে মনে মনে
বেহুলা ডোমনী হৈল।
মনসা-চরণে ক্ষেমানন্দ ভণে
দেবী যারে কৃপা কৈল॥

বেহুলার ডোমনী-বেশ।

লক্ষের বিয়নি লয়্যা বেহুলা নাচনী।
ডোমনীর বেশ তবে হইল আপনি॥
রূপার মাকড়ী কাণে ঘন ঘন নাড়ে।
ডাগর রসের কাঁঠি গাঁথ্যা পরে গলে॥
লক্ষীন্ধর ডোম হৈল বেহুলা ডোমনী।
সঘনে ফিরায় রামা লক্ষের বিয়নি॥
এই রূপে বেহুলা লখাই দুই জনে।
সাধুর বাড়ীর কথা শুন সাবধানে॥
চাঁদ বাণ্যার পুত্র মরিল যেই মাসে।
লখাইর ছয় মাসি (১) সাধু দেই সেই মাসে॥
পুত্রের ছয় মাসি দেই চাঁদ সদাগর।
এথা জীয়ে আইলা বেহুলা লক্ষীন্ধর॥
হেন কালে চাঁদ বাণ্যার বধূ ছয় জন।
জল আনিবারে তারা কর‍্যাছে গমন॥
ছয় কুম্ভ কাখে কর‍্যা ছয় জন রাঁড়ী।
চাঁপাতলার ঘাটে দেখে বিপরীত বাড়ী (২)॥
চৌদ্দ ডিঙ্গা জলে ভাসে তাহাতে রমণী।
ঘন ঘন ফিরাইছে লক্ষের বিয়নি॥

(১) ষাণ্মাসিক শ্রাদ্ধ। (২) বিপরীত বাড়ী = বিশাল গৃহ। ডিঙ্গাগুলি গৃহের মত দেখাইতেছিল।

জিজ্ঞাসিব আগো দিদি ব্যেচে কি না ব্যেচে।
এত বলি ছয় জাএ গেল তার কাছে॥
তারা ছয় জাএ বলে শুন লো ডোমনী।
কত মূল্য হৈলে তুমি বেচিবে বিয়নি॥
ডোমনী বলেন যদি লক্ষ তঙ্কা পাই।
লক্ষের বিয়নি আমি বেচি তার ঠাঞি॥
লক্ষে এক উন হৈলে না বেচি বিয়নি।
ছয় জাএ এই কথা কহিল নাচনী॥
বেহুলা সভারে চিনে তারা নাহি জানে।
তারা ছয় জাএ অনুমান করে মনে॥
রঙ্গিয়া (১) ডোমনী ভাল লক্ষ টাকা চায়।
কত ধন উপার্জ্জিবে বিয়নির বায়॥
বেহুলা বলেন তোরা সুখে সাধারণ।
তে কারণে বিধবা হয়্যাছ ছয় জন॥
যে জন সুখদ হয় সুজন রসিক।
বিয়নি কিনিবে দিয়ে লক্ষের অধিক॥
তারা ছয় জাএ বোলে চল মোর বাড়ী।
লক্ষের বিয়নি নিবেন আমার শাশুড়ী॥

বিয়নি বিক্রয়।

বেহুলা বলেন আমি তথা যাব চল।
কারদিগের জল বহ (২) আগে মোরে বল॥
চাঁদ বাণ্যার ছয় বহু বলে হাসি হাসি।
মর্যাছেন লক্ষীন্দর আজি তার ছয়মাসি॥
চাঁদ বাণ্যার বহু মোরা সর্ব্বলোকে জানে।
এত শুনি বেহুলা হাসেন মনে মনে॥
তারা ছয় জাএ চলে কাখে কুম্ভ লৈয়া।
ডোমনী চলিল তার পশ্চাৎ গোড়াইয়া॥
কাখের কলসী তারা থুয়্যা ভূমিতলে।
ডোমনীর কথা গিয়ে শাশুড়ীরে বলে॥
সোণকা শাশুড়ী হেদে শুন প্রিয় বাণী।
ডোমনী এস্যাছে ভাল বেচিতে বিয়নি॥
বেহুলার আকৃতি দেখি চিনিতে না পারি।
আমা সভায় কহে কথা কপট চাতুরী॥

(১) রসিকা। (২) কাহার বাড়ীর জন্য জল বহিয়া নিতেছ?

বারি হয়্যা (১) ঠাকুরাণী দেখগো আপনি।
দিবেগো উচিত মূল্য লবেগো বিয়নি॥
শুনিয়া সোণকা আইল বিয়নি কিনিতে।
বেহুলা ডোমনী সেই না পারে চিনিতে॥
সোণকা কহেন কহ তোমার কি নাম।
কোথাকার ডোমনী তুমি বাড়ী কোন্ গ্রাম॥
ডোমনী তাহাকে কহে প্রবঞ্চনা কথা।
বেহুলা ডোমনী আমি সায় ডোম পিতা॥
চাঁদ ডোম শ্বশুর লখাই ডোম পতি।
অতি কুলে হীন মোরা বটি ডোম জাতি॥
ধুচনি চুপড়ি বুনি আর বুনি ডালা।
সিয়নি (২) বিয়নি বুনি আর বুনি কুলা॥
নগরে বেচিয়ে মোরা জাতি অনুসারে।
লখাই আমার ডোম আছে নিজ ঘরে॥
আমার বিয়নি খানি লক্ষ টাকা মূল।
চাঁদ ঝলমল করে কনকের ফুল॥
মদন বসন্ত আইসে বিয়নির বায়।
নিরাগের (৩) কালে লাগে সুশীতল গায়॥
যে জন সুখদ হয় সুজন রসিক।
বিয়নি কিনিবে দিয়ে লক্ষের অধিক॥
লক্ষের বিয়নি সেই কিনিবারে পারে।
এত কথা কহে রামা শাশুড়ীর তরে॥
বেহুলা লখাইর নামে পূর্ব্ব শোক জাগে।
সোণকা ক্রন্দন করে ডোমনীর আগে॥
সোণকা বলেন সতি সত্য কথা বল।
বেহুলা লখাই মোর কেবা লয়্যা গেল॥
হেন বুঝি বেহুলা লখাই হৈল ডোম।
বিষম দারুণ শোক দিল মোরে যম॥
সোণকা বলেন শুন হেদে লো ডোমনী।
হের আন দেখি কেমন লক্ষের বিয়নি॥

---

(১) বাহির হইয়া।　　(২) জল-সেচনি।
(৩) নিদাঘের = গ্রীষ্মকালের।

এত শুনি ডোমনী রহয়ে এক ভিতে।
লক্ষের বিয়নি দিল অলক্ষিতে হাতে॥
বিয়নির গাএ দেখে অষ্টাদিমঙ্গল।
ক্ষেমানন্দ বিরচিল দেবীর মঙ্গল॥

বিয়নি পরীক্ষা ও সোণকা রাণীর শোক।

সোণকা বাণ্যানী লক্ষের বিয়নি
যদি কৈল নিরীক্ষণ।
তাহে শুন নীত অনেক বিহিত
দেখে নিজ পুরীজন॥
বেহুলা লখাই লিখিল তথাই
চিত্র বিয়নির পাতে।
পুত্র ছয় জন মঙ্গল কথন
চৌদ্দ ডিঙ্গা তার সাথে॥
দেখি এত সব বিয়নি কিনিব
কে এত গঠন জানে।
বিয়নি দেখিয়া স্থির নহে হিয়া
শোক জাগে পোড়া প্রাণে॥
কান্দিয়া বাণ্যানী বলিছে ডোমনী
মুখ তুলি কহ কথা।

পূর্ব্ব স্মৃতি।

দেখিয়ে তোমায় আমার হৃদয়
জাগে পূর্ব্ব শোক ব্যথা॥
চিনিতে না পারি না কর চাতুরী
বেহুলা বটগো তুমি।
দেহ পরিচয় জুড়াকু হৃদয়
তোমার শাশুড়ী আমি॥
বলেন ডোমনী তুমি ঠাকুরাণী
মোরা ডোম জাতি হীন।
আমি যে তোমার বহুর আকার
কি পাইলে তার চিন॥
ধুচনি চুপড়ি বেচি বাড়ী বাড়ী
জাতির বেভার হেন।
আমারে দেখিয়ে তুমি কি লাগিএ
ক্রন্দন করিছ কেন॥

সোণকা বাণ্যানী সঘনে আপনি
নেহালে ডোমনী-মুখ।
বেহুলার শোকে দেখিএ তোমাকে
বিদরে আমার বুক॥
শুন শুন বলি পরাণ-পুতলী
তোমারে দেখিএ কান্দে।
আপনা আপনি পরিতোষি ধনী
তবু স্থির নাহি বান্ধে॥
না দেখি না শুনি এ হেন বিয়নি
কে দিল তোমার হাতে।
পুত্র পরিজন ইথে কি কারণ
চিত্র বিয়নির পাতে॥
বলিছে ডোমনী লক্ষের বিয়নি
আমরা গড়িতে জানি।
ক্ষেমানন্দ কয় পূর্ব্ব পরিচয়
শুনহ মঙ্গল বাণী॥

পরিচয়।

সোণকা বিয়নি দেখি মাগে পরিচয়।
পূর্ব্ব কথা বেহুলা তখন শাশুড়ীরে কয়॥
শুনগো শাশুড়ী বলি তুয়া পদতলে।
মুঞি যে ভাসিয়া গেলু মড়া লৈয়া কোলে॥
আমি যে বেহুলা বটি না কান্দিহ আর।
প্রাণপতি জীয়াইলু পূর্ব্ব সমাচার॥
সোণকা বলেন বেহুলা কোথা হৈতে আইলে।
দুর্ল্লভ লখাই মোর না জানি কি কৈলে॥
বেহুলা বলেন তুমি না হয় কাতর।
কপাট ঘুচাইয়া দেখ লোহার বাসর॥
কড়ার তৈলেতে দীপ অদ্যাবধি জ্বলে।
মরা পুত্র জীয়ন্ত পাইবে তুমি কোলে॥
এত শুনি সোণকা হরষিত হৈয়া।
লোহার বাসর দেখে কপাট ঘুচাইয়া॥
সিজান ধান্যের গাছ লোহার বাসরে।
কড়ার তৈলেতে দীপ ছয় মাস জ্বলে॥

দেখিয়া শুনিঞা মনে হইল উল্লাস।
হাত বাড়াইয়া যেন পাইল আকাশ॥
দেখি সোণকার হৈল পরিতোষ মনে।
বেহুলার গলা ধরি কান্দে সকরুণে॥
কহগো সাবিত্রি সতি কুশল বারতা।
প্রাণপতি জীয়াইয়া থুয়্যা আইলা কোথা॥
দেখাইয়া রাখ প্রাণ তোর জন্ম ধন্যা।
এ তিন ভুবনে তুমি পতিব্রতা কন্যা॥
বেহুলা বলেন তুমি না হয় কাতর।
আমার শ্বশুর কোথা চাঁদ সদাগর॥
মনসা সহিত তিনি ঘুচানু-বিবাদ।
পূর্ব্ব শাপ বিমোচন অভয় প্রসাদ॥
মনসার পূজা করুন আমার শ্বশুর।
চৌদ্দ ডিঙ্গা আন্যা দিব ছয়টী ভাসুর॥
সোণকা বলেন তবে আর কিব্যা চাই।
চরণে পড়িয়া তবে সাধুকে বুঝাই॥
নাড়া (১) গিয়ে ধাঞা কয় শুন সদাগর।
পুনরপি প্রাণ পায়্যা আইল লক্ষীন্ধর॥
ছয় পুত্র আইল তোমার চৌদ্দ মধুকর।
শুনিঞা হরিষ হৈল চাঁদ সদাগর॥
শুনিঞা যে চাঁদ বাণ্যা হরষিত হৈল।
কান্ধে হেঁতালের বাড়ি নাচিতে লাগিল॥
কোথা সে বেহুলা রাঁড়ী কোথা সে লখাই।
মরা পুত্র জীয়ন্ত পুরীতে যদি পাই॥
তবে সে পূজিব আমি মনসার বার।
শুনিঞা হরিষ হৈল পুরে যত তার॥
আপন শ্বশুরে রামা বলে প্রবোধিয়া।
চৌদ্দ ডিঙ্গা জলে ভাসে দেখনা আসিয়া॥
ছয়টি ভাসুর তাহে লক্ষীন্ধর পতি।
বহিত্র দেখিবে যদি চল শীঘ্রগতি॥
প্রতীতন্না যায় চাঁদ বেহুলার বোলে।
লাফ দিয়ে চাঁদ বাণ্যা উঠিল দেয়ালে॥

(১) চাঁদের ভৃত্য।

দেয়ালে উঠিয়া চাঁদ চৌদিকে নেহালে।
চৌদ্দ ডিঙ্গা ভাসে দেখে গাঙ্গুড়ের জলে॥
দেখিয়া শুনিঞা সভার বাড়িল উল্লাস।
হাত বাড়াইআ যেন পাইল আকাশ॥

নারায়ণ দেব, জানকীনাথ ও শিবরামের ভণিতাযুক্ত। অধিকাংশ জনকীনাথের। প্রায় ৩০০ বৎসরের প্রাচীন পুথি।

দেব-সভায় বেহুলার নৃত্য।

নাচে সুন্দরী বেউলা   অলক্ষিতে করে খেলা
নানা রূপে করে অঙ্গ ভঙ্গ।
নয়ন কটাক্ষে চায়   প্রাণ হরি নিয়া যায়
অপরূপ মদন তরঙ্গ॥
খঞ্জন-গঞ্জন-গতি   চলিতে সুভাতি অতি
ঘনে ঘনে অঙ্গুলি দেখায়।
ক্ষণে ক্ষণে উঠে বৈসে   অতি সুললিত বেশে
ক্ষণে ক্ষণে মন্দিরা বাজায়॥
মুখে গীত গায় ভাল   সঙ্গোগে বাজায় তাল
ময়ূর পেখম জিনি নাচয়ে যে পাকে।
সুর মুনি আদি যত   দ্রব হৈলা জলবত
করুণায় ভেদিল অধিকে॥
কোকিলা জিনিয়া রব   নৃত্য করে অসম্ভব
ক্ষীণ কটি সদায় হেলায়।
অপরূপ নৃত্য করি   মোহিলেক ত্রিপুরারি
পণ্ডিত জানকীনাথে গায়॥

অলক্ষিতে গতি করে শূন্যে করি ভর।
মধুলোভে মত্ত যেন উড়য়ে ভ্রমর॥
ধীরে ধীরে বসি বেশ ধনী সুধারাশি।
অল্পে মাধুরী ঈষৎ করে হাসি॥
নাটআ (১) খঞ্জন জিনি নয়ন-ভঙ্গিমা।
লজ্জিত করিছে মুখে শারদচন্দ্রিমা॥

---

(১) নৃত্যশীল

দেখিয়া উষার (১) নৃত্য সব দেবগণ।
ধন্য ধন্য বুলি (২) করে পুষ্প বরিষণ ॥
দেখিলাম ভাল নৃত্য অনেক দিবসে।
হেন বুলি সুরলোকে উষারে প্রশংসে ॥
পারিজাত-মালা দিয়া বুলে ত্রিলোচন।
বর মাগ অভিলাষে যেই লয় মন ॥
এত শুনিয়া তবে সাহের কুমারী।
প্রণাম করিয়া বোলে হস্ত যোড় করি ॥

জগজ্জীবন ঘোষাল।

কবি জগজ্জীবন ঘোষাল দিনাজপুরের রাজা প্রাণনাথের সময়ে বিদ্যমান ছিলেন। প্রাণনাথ ১৬০৯ শক বা ১৬৮৭ খৃষ্টাব্দে রাজা হইয়াছিলেন। সুতরাং কবি ১৬শ শতাব্দীর শেষ ভাগে কিম্বা ১৭শ শতাব্দীর প্রথম ভাগে গ্রন্থ রচনা করিয়া থাকিবেন। কবির নিবাস দিনাজপুরের অন্তর্গত "কোচআ-মোরা" গ্রামে ছিল।

স্বর্গ-পুরে বেহুলার বেশ-বিন্যাশ।

আনিয়া পেটারি তার ঘুচাইল ঝাপনি।
হস্তে করি নিল বালি (৩) দর্পণ বসনখানি ॥
করে ঝারিয়া বালি বিচারিল (৪) কেশ।
খোপায় পুতিয়া থুইল ভাটি উজানদেশ ॥ (৫)
সুবর্ণ চিরণি লইল হস্তেত করিয়া।
একে একে কেশ সব লইল উভারিয়া (৬) ॥
নারাণ তৈল বিষ্ণু তৈল কেশের গোড়ে দিয়া।
খোপাখানি বান্ধে রামা চারি দ্বার থুয়া (৭) ॥

---

(১) বেহুলা পূর্ব্ব-জন্মে উষা ছিলেন, এখানে সেই নামে তাঁহাকে অভিহিত করা হইয়াছে। (২) বলিয়া।
(৩) বালিকা। (৪) আঁচরিল।
(৫) সম্ভবতঃ ভাটি-উজান-দেশের চিরুনী খোপায় গুজিয়া রাখিল।
(৬) নিঙড়াইয়া।
(৭) চারিটি সিঁথিতে কেশদাম বিভক্ত করিয়া।

পূর্ব্ব দ্বারে শোভা করে সুবর্ণ কেতকী।
দক্ষিণ দ্বারে শোভা করে যূথি মালতী॥
কত কত ভ্রমর পড়ে উড়ে উড়ে যায়।
খোপার উপড়ে পড়ে খোপার মধু খায়॥
কনক দর্পণ লইল হস্তেত করিয়া।
আপনার রূপ দেখে আপনে নিরখিয়া॥
উড়ে গেল ভ্রমরা খোপার মধু খায়া।
মনোরম্য নহে খোপা ফেলিল আউলিয়া॥
তার পাছে খোপা আউলাইয়া চুল।
কেশের গোড়ে শোভা করে সুন্দর চাম্পাফুল॥
সুবর্ণ চিরণে ফেলায়া গেল জানি।
কেশের গোড়ে শোভা করে মুঞ্জা সারি সারি॥
খোপার মধ্যে শোভা করে চাম্পা নাগেশ্বর।
কেয়া কেতকী শোভে সপ্তদল কমল॥
খোপার মধ্যেত দিল ময়নার ডাল।
ভ্রমরা ভ্রমরী তাথে করে কোলাহল॥
ক্ষেণে ক্ষেণে ভ্রমর খোপার মধু খায়ে।
কত কত ভ্রমরা তাথে হরিগুণ গায়ে॥

*　　*　　*　　*

সিন্দুরেত ইন্দু বিন্দু কজ্জলের রেখা।
কালীয়া মেঘের আড়ে চন্দ্রে দেছে দেখা॥
নিরমাণ করি খোপা লইল বান্ধিয়া।
কনক দর্পণখানে হস্তেত করিয়া॥
আপনার রূপ দেখে আপনে রক্ষিয়া।
মনোরম্য নহে খোপা চাহে নিরখিয়া॥
খান কত গহনা নিল নিচিয়া বাছিয়া।

*　　*　　*　　*

উপর কর্ণে চাকি পরে নাম্বা কর্ণে বলি। (১)
তাহার মধ্যে শোভা করে হীরা মঙ্গল কড়ি (২)॥

---

(১) কর্ণের উপরিভাগে চাকি নামক অলঙ্কারবিশেষ ও নিম্নভাগে (নাম্বা কর্ণে) 'বলি' পরিলেন।

(২) মদন-কড়ি নামক অলঙ্কার।

গলায়ে তুলিয়া পরে সরস্বতী-হার।
দুই বাহে (১) পরিল ঝাম্পানি (২) চারি তার॥
নাকেত তুলিয়া পরে নাকের বেশরি।
হৃদয়ে তুলিয়া পরে লক্ষের কাঁচুলি॥
দুই হাতে পরে শঙ্খ শ্রীরাম লক্ষ্মণ (৩)।
হেটের উপরে শোভে মাণিক কঙ্কণ॥
পায়ে তুলিয়া পরে ছয় যোড় পাশুলি।
দশ নখে পরে কন্যা সুবর্ণ অঙ্গুরী॥
চরণে পরিল কন্যা বাজন নূপুর।
শুনিতে সুরঙ্গ বাদ্য যায় বহু দূর॥
জগজ্জীবন কবি মনসার দাস।
পদ্য ছন্দে পাঁচালী করিল প্রকাশ॥

বাও নহে বাতাস নহে তরু কেনে হেলে।
নবীন কদম্বের ডাল বায়ে ভাঙ্গে পড়ে॥ (ধুয়া)॥
কাপড়ের পেটারি বালি আনে টান দিয়া।
থান কত বস্ত্র তোলে নিচিয়া বাছিয়া॥
প্রথমে পরেন সাড়ী নামে যাত্রাসিদ (৪)।
নাটুয়ায় নাট করে গায়ানে গায় গীত॥
সে কাপড় পরিয়া বালি আগে পাছে চায়।
মনোরম্য নহে কাপড় পেটারি পূরায়॥
তার পাছে পরে কাপড় কাপড়ের রাজা।
সরুয়া কাকালি রামা মুষ্ঠে (৫) ধরে মাজা॥
সে কাপড় পরে বালি আগে পাছে চায়।
মনোরম্য নহে কাপড় খসিয়া ফেলায়॥
তার পাছে পরে কাপড় নামে খুঞা নেত।
সরুয়া কাকালি মাজা ভরে বান্ধে ছাচি বেত॥
সে কাপড় পরিয়া বালি আগে পাছে চায়।
মনোরম্য নহে কাপড় পেটারি পূরায়॥

---

(১) বাহুতে। (২) ঝাম্পানি = ঝাঁপা।
(৩) শ্রীরাম ও লক্ষ্মণ শঙ্খের নাম। (৪) যাত্রাসিদ = যাত্রাসিদ্ধি, যে সাড়ী পরিলে যাত্রাসিদ্ধি হয়। (৫) মুষ্ঠে = মুষ্টি দ্বারা। অর্থাৎ [illegible] এত ক্ষীণ যে মুষ্টিদ্বারা ধরা যায়।

তার পাছে পরে কাপড় নাকর মঞ্জাফুল (১)।
যাহার সুতার তোলা পঞ্চাশ টাকা মূল॥
দশীর (২) দিগে লেখা আছে দশ গিরিআ বন।
কুপের দিগে লেখা আছে কালার বৃন্দাবন॥
কানাইর বৃন্দাবনে বালকে বাঁশী বাএ।
সে সকল গোপাল কৃষ্ণের তাম্বূল যোগায়॥
সে কাপড় পরিয়া বালি আগে পাছে চায়।
মনোরম্য নহে কাপড় পেটারি পূরায়॥
তাহার পাছে পরে সাড়ী নামে অগ্নিফুল।
কাপড়া সুন্দরী দুহে হইল সমতুল॥
সে কাপড় পরিয়া বালি আগে পাছে চায়।
মনোরম্য হইল কাপড় নাচিয়া বেড়ায়॥
খোল মৃদং লইল সাজন করিয়া।
চলিল সুন্দরী কন্যা যাত্রা করিয়া॥
জগজ্জীবন কবি মনসার দাস।
পদ্মছন্দে পাঁচালী করিল প্রকাশ॥

রামবিনোদ।

রামবিনোদের কোন পরিচয় পাওয়া যায় নাই। পুথির হস্তলিপি প্রায় ১৫০ বৎসরের প্রাচীন।

মালিনীর বেশে মনসা-দেবীর শঙ্কুর নগরীতে প্রবেশ।

মালিনীর বেশ ধরি ফুলের পসার করি
চলে দেবী শঙ্কর-কুমারী।
বেশ করে নানা ছান্দে সফরিয়া সাড়ী পিন্ধে
যাএ দেবী শঙ্কুর নগরী॥
ধরিয়া মোহন বেশ করিয়া চিরণী কেশ
কবজ বান্ধিল কুণ্ড দেখি।
প্রকাশিত মুখ ইন্দু কপালে তিলক-বিন্দু
অঞ্জনে রঞ্জিত আখি দেখি॥

---

(১) মঞ্জা = মুঞ্জ = কুশ; অর্থাৎ কুশ-কুসুমের তুল্য সুকোমল ও শুভ্র।

(২) বস্ত্রাগ্রের লম্বা সুতাকে 'দশা' বা 'দশী' বলে। এখানে কাপড়ের পাড়।

কেশুর কেতকী যূথী শেফালী পারুলী জাতি
লবঙ্গ পদ্মিনী শতদল।
বকুল চম্পক মালী সবামালী করবী
গণরিকা মল্লিকা উৎপল॥
কস্তূরী কাঞ্চনদল কাজলা দাড়িম্ব ফল
কলিকা মান্দার যূথে যূথে।
চম্পা বকুল মালী সাজাইয়া সারি সারি
বিশলি বিষম গণ্ ঝাকে॥
পসার সাজাইয়া ফুলে পদ্মাবতী লৈয়া চলে
সৌরভে ভ্রমরা পড়ে উড়ি।
শ্রীরামবিনোদ ভণে মনসার চরণে
যাএ দেবী শঙ্কুর নগরী॥

শঙ্কুর ওঝার শিষ্যগণ কর্ত্তৃক বল-পূর্ব্বক মালা গ্রহণ ও কালকূট-বিষে মূর্চ্ছা।

পসার লইয়া দেবী চলিল কৌতুকে।
কে লৈবা কে লৈবা পুষ্প এহি মাত্র ডাকে॥
কড়ি লৈয়া সর্ব্ব লোক পাছে পাছে ধাএ।
কিনিয়া বিচিত্র মালা পরিল গলাএ॥
ফুল বেচি মালিনীএ যাএ ধীরে ধীরে।
উপস্থিত হইল গিয়া শঙ্কুর বাজারে॥
নগরেত গিয়া তবে বসিল মালিনী।
পসার লইয়া দেবী করে বিকিকিনী॥
শঙ্কুর শতেক শিষ্য আইল হেন কালে।
শিষ্যগণ মালিনীরে দেখিল নগরে॥
মালিনীর রূপ দেখি হইল আকুল।
নিকটে চলিয়া গেল কিনিবারে ফুল॥
তোর সম রূপ আর না দেখেছি কথা।
ত্রৈলোক্যমোহন বেশ ধর সুচরিতা॥
কহ কহ মালার মূল্য স্বরূপ বচন।
কিনিব তোমার মালা হরষিত মন॥
হাতে করি মালা সবে লইল তখন।
দেবী বোলে এহি মালা কিনে দেবগণ॥

গাঁথিয়াছি এহি মালা স্নগন্ধি রচিত।
পাঁচ কাহন কড়ি মূল্য মালার উচিত॥
শিষ্য সবে বোলে তবে শুনএ মালিনী।
কোন দ্রব্য আমরা নগরে নাহি কিনি॥
গুরুর প্রসাদে আমরা নগরে বাজারে।
লুটিয়া সকল দ্রব্য খাই বলে ছলে॥
নগরে জিজ্ঞাসি চাহ প্রতি কোণে কোণে।
না দিলেহ মালা কাড়ি নিব এই ক্ষণে॥
দেবী বোলে মাগিয়া বেড়ায় ঘরে ঘরে।
তোমারগো বনিতা সবে আর্য্য (১) কষ্টে মরে॥
ঘরে ভাত নাই মালা কিনিবা কেমতে।
কোন্ বলে চাহ আমার মালা কাড়ি নিতে॥
এই মিথ্যা বাক্য তোরা কহ কি লাগিয়া।
কার শক্তি নিবে মালা বিনে কড়ি দিয়া॥
পাটের রাজা আছে মোর বসন্ত কেদার।
তাহার প্রসাদ মোর ডর আছে কার॥
এত দর্প করহ হইয়া সর্প-ওঝা।
সকল মরিবি তোরা শুনিলে মোর রাজা॥
কার শক্তি আছে মোর পসার লুটিতে।
বসন্ত কেদার রাজা পাটেত থাকিতে॥
দেবীর বচনে শিষ্য ক্রোধ হইয়া মন।
পসার লুটিয়া সবে নিলেক তত ক্ষণ॥
কোপে মালিনীএ ফুল ফেলে আছাড়িয়া।
মায়া পাতি কান্দে দেবী বিষাদ ভাবিয়া॥

কেনে আইলুন পসার লইয়া।
সাপের বাড়ুয়া (২) হইয়া বল ছল করিয়া
নিল মোর পসার লুটিয়া॥
সব শুনি লোক মুখে ফুল লৈয়া কৌতুকে
বেচিবারে আইল কৌতুক।
লাভের বাণিজ্যে আইল আসল পতিত হৈল
ঘরে গিয়া কি বুলিবাক॥

(১) আরও। (২) বেদে।

স্বামী মোর কি বলিব৽ ঘরে যাইতে নাহি দিব
ভূমিতলে পড়ি দেবী কান্দে।
রাজা ডাকে কোতয়াল মণ্ডলিয়া সারায়াল
কড়ি না দিলেহ মালা পিন্ধে॥
বিচার নাহিক দেশে তাতে কোন লোক বৈসে
কান্দি দেবী শঙ্কর নগরে।
ডাকিনী খাউক আসি শিষ্য সবের বুকে বসি
বাহুড়িয়া (১) না যাইবে ঘরে॥
ফুল ছড়া লৈয়া কান্ধে শিষ্যগণে ফুল পিন্ধে
কালকূট নাগিনী তখন।
পদ্মাবতী বাণ (২) মারে সব শিষ্য ঢলি পড়ে
শ্রীরামবিনোদ সুবচন॥

দ্বিজ রসিক।

দ্বিজ রসিকের মনসা-মঙ্গল অতি বিরাট্‌গ্রন্থ। আমরা ১২৫৮ সালের হস্ত-লিখিত পুথি হইতে তদীয় রচনা উদ্ধৃত করিলাম। গ্রন্থ-রচনার সময় পাই নাই। ভাষা দেখিয়া মনে হয় দ্বিজ রসিক অন্যূন ১০০ বৎসর পূর্ব্বের লেখক। ভণিতায় তাঁহার সম্বন্ধে এই কয়েকটি বিবরণ পাওয়া যায়: সেনভূম ও মল্লভূমের মধ্যবর্ত্তী আথড়াশাল নামক স্থানে তাঁহার নিবাস ছিল। কবির পূর্ব্ব মিরাসী তালুক পাড়িগ্রাম, কাকুটা, চন্দনপুর প্রভৃতি স্থানের নামও ভণিতায় পাওয়া যায়। ইঁহার বৃদ্ধ-প্রপিতামহের নাম কালিদাস, পিতামহের নাম মহেশ মিশ্র, পিতার নাম প্রসাদ বা শিবপ্রসাদ। কবির অপর দুই ভ্রাতা ছিল, তাঁহাদের নাম রাজারাম ও অযোধ্যা; এক ভগিনী, নাম সাবিত্রী। তাঁহার ভাগিনেয় শুকদেবের জন্য এবং সীতামণি নামক একটি (সম্ভবতঃ তাঁহার পুত্র) শিশুর জন্যও তিনি ভণিতায় মনসাদেবীর নিকট প্রার্থনা জানাইয়াছেন। দ্বিজ রসিকের দুইটি উপাধি দৃষ্ট হয়, তাহার একটি 'কবিবল্লভ' ও অপরটি 'কবিকঙ্কণ'। আথড়াশালের নিকটবর্ত্তী শাষপুর গ্রামের নাম কবিতার মধ্যে লেখিত আছে।

কলার মান্দাসে বেহুলার খেদোক্তি।

কান্দেন বেহুলা রামা পতি কোলে করি।
তোমার লাগিয়া ভাসি জলের উপরি॥

(১) ফিরিয়া। (২) বিষ-প্রেরক মন্ত্র পড়িলেন।

খণ্ডাইতে নারে কেহ দৈবের নির্ব্বন্ধ।
দৈবে মৈল বনবাসে রাজা হরিশ্চন্দ্র॥
যত কিছু কর্ম্ম সব দৈবযোগে করে।
অভিমন্যু মৈল দুর্য্যোধনের সমরে॥
ভাল কভু নাহি হয় দৈবের কারণে।
দৈবের কারণে আমি ভাসিলাম জলে॥
মড়া কোলে যেন কান্দে মদনা সুন্দরী।
ভাবিয়া চিন্তিয়া যে দেবের অধিকারী॥
বেহুলা মান্দাসে কান্দে প্রাণনাথ কোলে।
নিদ্রা তেজ প্রাণনাথ শুন মোর বোলে॥
অধম নির্ল্লজ্জ বড় কান্দে মোর প্রাণ।
মুখে জল দিয়েছি বাটার খায় পাণ॥
লুকাইয়া ছিলে তুমি লোহার বাসরে।
কলার মান্দাসে ভাস জলের উপরে॥
দেশান্তরী হঞা কান্দে বেহুলা অভাগিনী।
আপদ ঘুচুক বল জয় যে ব্রাহ্মণী (১)॥
প্রাণনাথ বল্যে কর‍্যা কান্দে উচ্চৈঃস্বরে।
কত নিদ্রা যাও প্রভু মান্দাস ভিতরে॥
চেয়্যাছে চেয়্যাছে লক্ষের অধিকারী।
বেহুলা অভাগী কান্দে হঞা দেশান্তরী॥
কান্দিতে কান্দিতে চলে সাধু সীমন্তিনী।
বেহুলার ক্রন্দনে কান্দে বনের হরিণী॥
প্রাণহীন পতি কোলে ভাসে একাকিনী।
হেন কালে দিল দেখা জগতী ব্রাহ্মণী॥
নিজ বেশ ছাড়ি হইলাঙ মনুষ্য আকৃতি।
যাতে যাতে ব্রাহ্মণী মাতা প্রথম যুবতী॥
গগন মণ্ডলে হৈল তিন প্রহর বেলা।
সিনানের ঘাট ছলে উঠিলা কমলা (২)॥
স্বামীর লাগিয়া রামা করিছে রোদন।
হাতসান দিয়া দেবী ডাকে ঘনে ঘন॥

---

(১) বিষহরী। ঋষিপত্নী বলিয়া 'ব্রাহ্মণী' বলা হইয়াছে।

(২) কমলা = লক্ষ্মী। এখানে লক্ষ্মী-স্বরূপা ব্রাহ্মণী।

সেই ঘাটে বেণ্যা নারী উত্তরিল আস্যা।
ব্রাহ্মণী বলেন মাতা কোথা যায় ভাস্যা॥
শ্রীকবিকঙ্কণ গায় মনসার পায়।
মনসা-মঙ্গল গীত রসিকেতে গায়॥

নেতানী ধোবানী আছে টাস্থে রাখ তার কাছে
তরঙ্গ নদীর সন্নিধান।
সবিনয় ব্যবহারে হনু লঙ্ঘিবারে নারে
অবিলম্বে চলে হনূমান্॥
যাঞা বেহুলার স্থান কহে বীর হনূমান
কে তোমার বটে মাতা পিতা।
মোরে কহ সত্য বাণী পরিচয় আগে শুনি
লঞা যাব বেণ্যা আছে যথা॥
বলেন বেহুলা সতী কর বীর অবগতি
মোর সম নাই অভাগিনী।
সায় সদাগর পিতা অমলা আমার মাতা
মোর নাম বেহুলা নাচনী॥
মঙ্গল বিভার রাতি কালী নাগে খাইল পতি
ছয় মাস আমি ভাসি জলে।
বড়ই আমার ভাগ্য পাইনু তোমার লাগ
পূর্ব্ব-জন্ম-তপস্যার ফলে॥
ময়নার সেন (১) রাজা করিত ধর্ম্মের পূজা
চলে সেন হাকণ্ড নগরী।
এই ত গঙ্গার নীরে বিড়ম্বনা করি তারে
ঢেউ নিল পাতাল নগরী॥
পালে (২) লাউসেন গিয়া কয় ধর্ম্ম ধেয়াইয়া
পড়ে গেল বিষম সঙ্কটে।
ধর্ম্মের আদেশ পাঞা তুমি আইলা দূত হঞা
উদ্ধার করিলে জল বাটে॥
অবধানে শুন হনূমান্।
নেতানী ধোবানী আছে টেন্যা রাখ তার কাছে
আমার কি হব পরিত্রাণ॥

বেহুলা ও হনূমানের কথাবার্ত্তা।

(১) ময়নামতীর লাউসেন। (২) পাতালে।

অঙ্গীকরি কপিরাজ শ্রীরামের কৈলে কায
সীতার বারতা যেই আনে।
সমুদ্র লঙ্ঘন করি পোড়াইল লঙ্কাপুরী
কলার মান্দাস সেই টানে॥

মনসা-দেবীর কৃপায় বেহুলার নেতা-ধোপানীর ঘাটে প্রবেশ।

পেঞা রামা উপদেশ দূর গেল দুঃখ ক্লেশ
তিন ধারা চক্ষে তিন বার।
মিষ্ট লবণ জল দুই ধারা সুশীতল
আর ধারা লাগে যেন খার॥
পাইয়া খারাণীর নীর মান্দাস চালান ধীর
অনাহারে অঙ্গ টলবল।
মুখে না নিঃসরে বাণী ক্ষীণ হৈল তনুখানি
বিষহরী জানিল সকল॥

বেহুলার দুঃখে মনসা-দেবীর কষ্ট।

বেহুলার নাই সুখ মনসা ভাবেন দুঃখ
দাসী বাছা আহা মরি মরি।
পতি জীয়াবার আশে ছয় মাস জলে ভাসে
ধন্য ধন্য বেহুলা সুন্দরী॥
অন্তরীক্ষে দেবী থাকি হনুকে আনিল ডাকি
শুন বীর শ্রীরামের দাস।

হনুর প্রতি আদেশ।

বড় দুঃখ বেহুলার দেখিতে না পারি আর
টেন্যা আন কলার মান্দাস॥
অবিলম্বে হনু বীর লম্ফে লম্ফে ধীরে ধীর
রাখে লঞা ধরণীর কাছে।
তবে হনু কপিবর গেলেন আপনার ঘর
মান্দাস বান্ধিয়া ঝাউ গাছে॥
মাথায় সোণার পাট (১) নেতা এস্থে সেই ঘাট
কাচিবারে দেবতার বসন।
দুই পুত্র সঙ্গে ধায় শ্রীকবিবল্লভ গায়
বেহুলা না করে নিরীক্ষণ॥

---

(১) যাহাতে কাপড় কাচা হয়।

নেতার সহিত বেহুলার কথাবার্ত্তা।

নেতা বলে শুন রামা পদ ছাড় মোর।
কহ দেখি মোরে যত পরিচয় তোর॥
রাক্ষসী মানুষী তুমি কিছুই না জানি।
শুনিঞা সুন্দরী রামা হয় অভিমানী॥
কার বধূ কোথা ধাম কার বট নারী।
কিবা নাম বটে কহ কাহার ঝিয়ারী॥
জাতিহীন রজকিনী কিবা আমি জানি।
কার বোলে ভুল্যা ধর মোর পদখানি॥
সবিনয়ে বলে কিছু বেহুলা নাচনী।
অশেষ পাপের পাপী আমি অভাগিনী॥
শুন বলি সায় সদাগর জন্মদাতা।
বেহুলা অভাগিনী নাম অমলাবতী মাতা॥
চম্পক নগরে মোর আছএ শ্বশুর।
মনসা সহিত বাদ বড়ই প্রচুর॥
বাসর ঘরে শুয়্যা ছিলাম মঙ্গল-সূতা (১) হাতে।
অকস্মাৎ স্বামী মোর মৈল সর্পাঘাতে॥
শ্বশুর নিষ্ঠুর গালি সহিতে নারিল।
মৃত পতি কোলে করি মান্দাসে ভাসিল॥
বেহুলা বলেন ওগো তুমি মোর মাসী।
তোমার উদ্দেশে ছয় মাস জলে ভাসি॥
পাইলাম তোমার স্থান কি বলিব আর।
বিষম সঙ্কটে তুমি করিবে উদ্ধার॥
বলিতে বলিতে রামা হইল মূর্চ্ছিত।
দু লোচনে বহে জল বড় বিপরীত॥
রচিল রসিক দ্বিজ বল শিব শিব।
দারা পুত্র লক্ষ্মী বৃদ্ধি হয় চিরঞ্জীব॥

বেহুলার লোচনে দেখিয়া শোক-জল।
নেতাই ধোবানী বলে হইয়া বিকল॥
পদ ছাড় শুন রামা বিলম্ব না সয়।
ত্বরায় যাইতে চাই দেবতা-আলয়॥
আজিকার দিন তুমি থাক এইখানে।
বস্ত্র দিতে যাব আমি দেবতার স্থানে॥

(১) বৈবাহিক মঙ্গলাচরণের সূতা।

বাসি বস্ত্র কাচিবারে আসিব প্রভাতে।
কালি তবে যাইবে আমার তবে সাথে ॥
বেহুলা বলেন মাসি মোর প্রাণ ফাটে।
বাসি বস্ত্র আন মাসি কাচি লঞা পাটে ॥
হাসিয়া বলেন তবে শুনলো সুন্দরি।
এই বস্ত্র কাচিবারে কার বাপে পারি ॥
বেহুলা বলেন মাসি শুন মোর বাণী।
দেবতার বসন কাচিতে আমি জানি ॥
নেতাই কাপড় কাচে সাবানের বোলে (১)।
বেহুলা কাপড় কাচে শুধু গঙ্গাজলে ॥
সকল কাপড় তবে শুকায়্যা বান্ধয়।
কুঙ্কুম চন্দন গন্ধ কাপড়েতে কয় ॥
রজকিনী বলে রামা কর অবগতি।
কোথা লঞা রাখিয়াছ নিজ প্রাণপতি ॥
বেণ্যানী বিনয়ে বলে বিশেষ প্রকারে।
মান্দাস সহিত মড়া রাখিয়াছি ধারে ॥
বহুত বিনতি করি ধোবানীর পায়।
মৃত পতি মান্দাসেতে আনিবারে যায় ॥

মনসা-দেবীর সর্প-সজ্জা। (২)

বিমুখ হৈয়া বৈসে দেব শূলপতি।
আপনার নিজমুর্ত্তি ধরে পদ্মাবতী ॥
যত নাগ অবশেষ আইল বিদ্যমান।
অর্চ্চিয়া বাঁকাএ দেবী কৈল পরণাম ॥ (৩)
শঙ্খিনী চিত্রাণী নাগে শঙ্খ পেন্ধে (৪) হাতে।
কাগুড়িয়া নাগে দেবীর খোপা বান্ধে মাথে ॥

---

(১) বোলে = ফেণে।

(২) এই অংশ স্পষ্টতই মনসা-মঙ্গলের আদি-কবি কাণা-হরিদত্তের রচনা অবলম্বনে সঙ্কলিত।

(৩) তাহারা বক্র হইয়া অর্চ্চনাপূর্ব্বক দেবীকে প্রণাম করিল।

(৪) পরে।

কর্কটিয়া নাগে যে কর্ণের করে শলি।
ফণী-মণি জিনিয়া যে কাঞ্চলিয়া বলি ॥
সিন্দূরিয়া নাগে দেবীর শিরের সিন্দূর।
খঞ্জনিয়া বোড়াএ দেবীর চরণে নূপুর ॥
কজ্জোলিয়া বোড়াএ দেবীর কজ্জল পদ্মাবতী।
গগনিয়া নাগের যে গলার গ্রীবা-পাতি (১) ॥
তাড়ুয়া নাগে যে বিচিত্র চারি তাড়।
সিতলিয়া নাগে দেবীর সাত-লরী-হার ॥
নাগ-আভরণ পরি হরিষ অতুল।
অনন্ত বোড়াএ কৈল মাথে পঞ্চ ফুল ॥
চারিদিকে নাগের স্তম্ভ নাগের যে ফণা।
চতুর্দ্দিকে শোভা করে নাগের থোপনা (২) ॥
নাগ ঝারি নাগ পাটি নাগের খুরসি (৩)।
আভরণ দেখি পদ্মা মনে মনে হাসি ॥
তক্ষক সারথি রথ বহে অষ্ট নাগে।
রথভরে গেল পদ্মা মহাদেব আগে ॥
মস্তক তুলিয়া হর দেখে নাগচয়।
সেই খানে ঢলিয়া পড়িল কালিদয় ॥
ইকি ইকি বলি পদ্মা নামে রথ হতে।
বাপ বাপ করি কোলে লইল আস্তে ব্যস্তে ॥
যেই খানে সদাশিব পড়িল ঢলিয়া।
নাগ আভরণ যত গেল ফেলাইয়া ॥
একেশ্বর রৈল পদ্মা কেহ নাই তোলে।
অকান্দনে কান্দে পদ্মা পিতা লৈয়া কোলে ॥
বৈদ্য শ্রীজগন্নাথ রচিত পদ বন্ধ।
সুরচিত কহি গাহি লাচারী প্রবন্ধ ॥

কবি জীবন মৈত্রেয়।

কুন্তলে চুলটি জাদ স্বর্ণ থোপা তার মাঝ
কেশে কত অলঙ্কার বিন্দু।
চন্দন কস্তুরী খোলে যাতে অলিরাজ ভুলে
মুখ-পদ্ম যেন পূর্ণ ইন্দু ॥

---

(১) গ্রীবা-পত্র = হাসলী। (২) স্তূপ, রাশি। (৩) কুর্সী = নাগাসন।

সিন্দূরের বিন্দু ভালে অলকা উজ্জ্বল করে
যেন নক্ষত্র-সহিত দ্বিজরাজ।
ললাট করিছে শোভা কল্যাণ-কার্মুক-লোভা
ভূরুযুগ যেন চাপরাজ (১) ॥
তবেত মেনকা নারী বিপুলার বেশ করি
সাজাইয়া দিল বিনোদিনী।
সখীগণ সঙ্গে করি চলিলেন বিদ্যাধরী
তারামধ্যে শশীর মেলানী ॥

কিবা সে রূপের শোভা পূর্ণ শশধর।
থাকুক মনুষ্য কায দেবতা চঞ্চল ॥
বদনের শোভা কিবা পূর্ণিমার চান্দ।
বধিতে যুবক যেন পাতিয়াছে ফান্দ ॥
নয়ান বন্দুক তাহে রঞ্জক কজ্জল।
পলক পলিতা তাহে তোতা (২) দুই কর ॥

---

(১) শ্রেষ্ঠ ধনু। (২) টোটা।

চণ্ডী-কাব্য।

নিম্নোদ্ধৃত কবিতা মাণিক দত্তের চণ্ডী-কাব্যের প্রথমাংশ হইতে গৃহীত হইল। মাণিক দত্ত সম্ভবতঃ খৃষ্টীয় ত্রয়োদশ শতাব্দীর লোক। উদ্ধৃত অংশ এবং রামাই-পণ্ডিতের শূন্য-পুরাণের সৃষ্টিতত্ত্ব প্রায় একরূপ। এই চণ্ডী যে সময়ে রচিত হইয়াছিল, তখন বৌদ্ধ-প্রভাব বিশেষরূপ ছিল। চণ্ডী-কাব্যের এই অংশে আমরা ধর্ম্ম-ঠাকুরের কথা পাইতেছি। (বিশেষ বিবরণ History of Bengali Language & Literature পুস্তকের ৩৩৪ পৃষ্ঠায় দ্রষ্টব্য)।

সৃষ্টিতত্ত্ব।

অনাদ্যের উৎপত্তি জগৎ সংসারে।
হস্ত পদ নাই ধর্ম্মের ভ্রমে নৈরাকারে॥
আপনে ধর্ম্ম গোসাঞি গোলোক ধেয়াইল।
গোলোক ধেয়াইতে ধর্ম্মের মুণ্ড সৃজিল॥
আপনে ধর্ম্ম গোসাঞি শূন্য ধেয়াইল।
শূন্য ধেয়াইতে ধর্ম্মের শরীর হইল॥
আপনে ধর্ম্ম গোসাঞি যুহিত (১) ধেয়াইল।
যুহিত ধেয়াইতে ধর্ম্মের দুই চক্ষু হইল॥
জন্ম হৈল ধর্ম্ম গোসাঞি গুণে অনুপামা।
পৃথিবী সৃজিয়া তেঁহো রাখিবে মহিমা॥
ইন্দ্র জিনিয়া তবে সিন্ধু উথলিল।
মুখের অমৃত ধর্ম্মের খসিয়া পড়িল॥
হস্ত পদ পৃথিবীতে জল উপজিল।
জলেত আসন গোসাঞি জলেত বৈসন॥
জল ভর করিয়া ভাসেন নিরঞ্জন।
ভাসিতে ধর্ম্ম গোসাঞি পাইল চৈতন॥
চৌদ্দ যুগ বহিয়া গেল ততক্ষণ।

* * * *

ধর্ম্ম বৈসন হইতে উলূকু জন্মিল।
যোড় হস্ত করি উলূক সম্মুখে দাঁড়াইল॥
হাসিয়া কহেন কথা ত্রিদশের রায়।
কহ কহ উলূক কত যুগ যায়॥

---

(১) জ্যোতিঃ (?)।

যত যুগ গেল তবে ব্রহ্মার উদ্ধরণে।
তখনে আছিলাও আমি মন্ত্র ধিয়ানে॥
মন্ত্র ধিয়ানে আমি ভাল পাইলাও বর।
চৌদ্দ যুগের কথা শুন আমার গোচর॥
চৌদ্দ যুগের কথা তুমি শুন নৈরাকার।
ই তিন ভুবনে পাতকী নাহি আর॥
সম্মুখে রচিল গোসাঞি পদ্মফুল।
তাহাতে বসিয়া গোসাঞি জপে আগ্ন মূল॥
নানা পত্র বাহা গেল এ তিন ভুবন।
পাতাল ভুবন লাগি করিল গমন॥
দ্বাদশ বৎসরে মৃত্তিকার লাগি পাইল।
হস্ত করি মৃত্তিকা শরীরে বুলাইল॥
বাটুল প্রমাণ মৃত্তিকা হস্তেত করিয়া।
শূন্যাকারে ধর্ম্ম গোসাঞি উঠিল ভাসিঞা॥
পুনরপি আসিঞা পদ্মেত কৈল ভর।
মনে মনে চিন্তে গোসাঞি ধর্ম্ম নৈরাকার॥
মনে মনে চিন্তে তবে ধর্ম্ম অধিপতি।
কার উপর স্থাপিব নির্ম্মল বসুমতী॥
আপনে ধর্ম্ম গোসাঞি গজমূর্ত্তি হইল।
গজের উপরি বসুমতীকে স্থাপিল॥
গজ সহিতে নারে পৃথিবীর ভার।
গজ সহিতে পৃথিবী যায় রসাতল॥
টানিঞা ছিঁড়িল গলার কনক পৈতা।
এক গোটা নাগ হৈল সহস্রেক মাথা॥
নাগের নাম বাসুকি থুইল নিরঞ্জন।
তাহাকে ধরিতে আজ্ঞা ই তিন ভুবন॥
যাও যাও বাসুকি হউক চিরাই।
আমি যাকে জন্ম দিব তাকে দিও ঠাঞি॥
গান করে দেবীর ব্রত সুখী সর্ব্বজয়া।
যে ঘাটে অবতার করিবে মহামায়া॥
দেবীর চরণে মাণিক দত্তে গায়।
নায়কের তরে দুর্গা হবে বরদায় (১)॥

---

(১) বরদাত্রী।

মুক্তরাম সেন।

মুক্তারাম সেন বৈদ্য, চট্টগ্রামের অন্তর্গত দেবগ্রামবাসী (১)। ১৪৪৭ খৃষ্টাব্দে (১৩৬৯ শকে) এই চণ্ডী-কাব্য প্রণীত হয়।

কালিদহে।

কেলি কমলেগো ত্রিপুরসুন্দরী ছোহে (২)।
একি অঙ্গ-ছটা, কথ (৩) অরুণ ঘটা,
শিব যোগিয়া মন মোহে॥
কালিদহে সৃজে মাতা কমলের বন।
তছু (৪) পরি মাহেশ্বরী কুমারী বরণ॥
অবহেলে গজ গিলে হেরিয়া অবলা।
ক্ষেণে ক্ষেণে ক্ষেণে পেলে (৫) অতিশয় চপলা॥
কোন খানে ব্যাঘ্র সনে মেষে করে কেলি।
ফণী সঙ্গে ভেক রঙ্গে রহে একু মেলি॥
ব্যাঘ্র ঠাঞি মৃগে যাই পুছএ কুশল।
তথাপিয় কারে কেহ নাহি করে বল॥
গ্রহ ঋতু কাল শশী শক শুভ জানি।
মুক্তারাম সেনে ভণে ভাবিয়া ভবানী॥

ভবানীপ্রসাদ কর।

অন্ধকবি ভবানীপ্রসাদ কর—১৬৫০ খৃঃ চণ্ডীর অনুবাদ করেন। বঙ্গভাষা ও সাহিত্যের ৫৪১-৫৪৩ পৃষ্ঠা দ্রষ্টব্য।

সুরথ রাজার বিপদ।

চণ্ডীর চরণে করি শত নমস্কার।
কহিছে মার্কণ্ড মুনি করিয়া বিস্তার॥
সাবর্ণিক নামে হৈল সূর্য্যের তনয়।
হইল অষ্টম মনু সেহি মহাশয়॥

---

(১) 'দেবগ্রাম' অপভ্রষ্ট হইয়া 'দেয়াঙ্গ' নামে পরিচিত। কিছুকাল পূর্ব্বে কাগজ-পত্রে 'দেবগ্রাম' বলিয়া লিখিত হইত, এখন তৎস্থলে 'আনোয়ারা' হইয়াছে। (২) ছোহে=শোহে=শোভে।
(৩) কত। (৪) তাহার উপর।
(৫) ফেলে=উদ্গীরণ করে।

শুন শুন মুনিগণ উৎপত্তি তাহার।
কহিব সে সব কথা করিয়া বিস্তার॥
সাবর্ণিক নামে মনু রবির তনয়।
মহামায়া প্রাদুর্ভাবে মনু সেহি হয়॥
চৈত্র বংশ সমুদ্ভূত সুরথ রাজন।
সকল পৃথিবীপতি মহাপরাক্রম॥
কুলে শীলে দানধর্ম্মে অতি অনুপম।
পুত্রের সমান রাজা পালে প্রজাগণ॥
মহাসুখে আছে রাজা পুরে আপনার।
পর দলে নিয়া গেল রাজ্য অধিকার॥
দৈবের নির্ব্বন্ধ কথা কি কহিব আর।
অমাত্য সকলে চাহে রাজা মারিবার॥
কি মতে রাখিব প্রাণ ভাবেন রাজন।
ঘোটকে চড়িয়া যায় গহন কানন॥
একা-একী (১) অশ্ব চড়ি চলি গেলা বন।
প্রবেশ করিলা রাজা গহন কানন॥
দুঃখিত হইয়া রাজা ফিরে বনে বন।
স্ত্রী পুত্র কারণে প্রাণ কান্দে অনুক্ষণ॥
অমাত্য সকলে রাজাকে দিছে খেদাইয়া।
তা সবার লাগি প্রাণ উঠিছে কান্দিয়া॥

সমাধি বৈশ্য ও সুরথ রাজা।

সর্ব্বস্ব হারায়ে সদা অস্থির রাজন।
সমাধি বৈশ্যের সঙ্গে হইল দরশন॥
বৈশ্যকে জিজ্ঞাসা করে সুরথ রাজন।
আদি হৈতে কহে বৈশ্য আত্ম-বিবরণ॥
তাহা শুনি অসম্ভব হৈল নৃপবর।
আপনার দুঃখ কহে বৈশ্যের গোচর॥
যেমত দুঃখের দুঃখী সুরথ রাজন।
সেহি মত দুঃখ কহে বৈশ্যের নন্দন॥
যার যার দুঃখ যত কহে দুই জনে।
দোঁহের মিলন হৈল সেহি ঘোর বনে॥

(১) একাকী।

রাজা বলে শুন বৈশ্য বচন আমার।
বন্ধুবর্গ লাগি প্রাণ পোড়ে সদা মোর॥
বৈশ্য বলে মহারাজ করি নিবেদন।
আমার কান্দিছে প্রাণ স্ত্রী পুত্র কারণ॥
ভাই বন্ধু সবে মোরে দিছে খেদাইয়া।
তবু তার লাগি প্রাণ উঠিছে কান্দিয়া॥
কি করিব কোথা যাব স্থির নাহি পাই।
দুই জনে উঠি গেলা মেধসের ঠাঁই॥
ফলে ফুলে শোফিয়াছে (১) মুনির কানন।
পৃথিবীর যত সুখ আছে সেহি বন॥

মেধসাশ্রম।

ধ্যানযোগে মহামুনি আছেন তথায়।
নৃপতি যাইয়া প্রণমিলা তাঁর পায়॥
মুনি বলে কহ তুমি সুরথ রাজন।
একেলা হইয়া কেন আসিয়াছ বন॥
রাজা বোলে মুনিবর কি কহিব আমি।
পর দলে নিল রাজ্য শুন মহামুনি॥
মৃগয়ার ছলে আমি পলায়া আসি বনে।
রাজ্য ছাড়ি পলালাম ভয় পাইয়া মনে॥
অমাত্য সকলে মোরে দিছে খেদাইয়া।
তবু তার লাগি প্রাণ উঠিছে কান্দিয়া॥
হস্তী ঘোড়া রথ রথী আছে কোন্ স্থানে।
ঐরাবত হস্তীর বাস দিবে কোন্ জনে॥
কোথা বা রহিল মোর উচ্চৈঃশ্রবা হয়।
স্বপুত্র সহিত তারা কিমত আছয়॥
আমার অনুগত ছিল যত সহচরী।
কিমতে আছয়ে তারা আমা পরিহরি॥
এহি মতে প্রাণ মোর পীড়ে অনুক্ষণ।
সমাধি বৈশ্যের সঙ্গে হৈল দরশন॥
যেহি দুঃখে বনে বনে ফিরি একেশ্বর।
সে সব দুঃখের দুঃখী এহি বৈশ্যবর॥
করিয়া অধর্ম্ম যেহি জ্ঞাতি বন্ধুগণ।
রাজ্য ধন নিল কাড়ি আসিলাম বন॥

---

(১) শোভিয়াছে।

তা সবার লাগি প্রাণ কান্দে কি কারণ।
বুঝিতে না পারি মুনি এই বিবরণ॥
যদি কৃপা কর মোরে অহে মুনিবর।
ইহার বৃত্তান্ত কহ আমার গোচর॥

চণ্ডিকা-বিজয়।

১৭৩৩ শকের হস্তলিখিত পুথি দৃষ্টে এই পুস্তক নকল হয়। শ্রীযুক্ত হরগোপাল দাস কুণ্ডু আবিষ্কর্ত্তা। দ্বিজ কমললোচন ১৬০৯—১৬৩০ খৃষ্টাব্দের কোন সময়ে পুস্তক রচনা করেন।

দ্বিজ কমললোচনের চণ্ডীর ১৭৩৩ শকের হস্তলিখিত পুথি দৃষ্টে রঙ্গপুর সাহিত্য-পরিষৎ কর্তৃক এই গ্রন্থ মুদ্রিত হয়। রয়েল ৪১২ পৃষ্ঠায় পুস্তকখানি সম্পূর্ণ। গ্রন্থকার রঙ্গপুর জেলার মিঠাপুর থানার অন্তর্গত চাকড়াবাড়ী গ্রামে জন্মগ্রহণ করিয়াছিলেন। ইহার পূর্ব্ব-পুরুষের নাম যদুনাথ ছিল।

শুম্ভ নিশুম্ভের আজ্ঞা পাইল অসুরে।
ধূম্রলোচন বীর চলিল সমরে॥
নিজ সেনা তরে কহে যুদ্ধের কারণ।
সাজ সাজ বলি বীর ডাকে ঘনে ঘন॥
নব অক্ষৌহিণী সেনা সাজিছে প্রধানে।
এক এক বীর রণে যমজিত (১) বাণে॥
হিমালয়ে যাবে দৈত্য করিবারে রণ।
সারথিকে বোলে রথ করহ সাজন॥
নীল মেঘ দিব্যরথ দেখি ভয়ঙ্কর।
ছোট নহে রথখানা দশ প্রহর॥
সেই রথ সাজিতে রথীর হইল আজ্ঞা।
দুই শত মত্ত কুঞ্জরে টানে তার চাকা॥
চারি শত অশ্ব আর সেই রথ টানে।
যার এক ঘোড়া রাখে দশ বলবানে॥
মদমত্ত গজ সব ঐরাবতের নাতি।
উচ্চৈঃশ্রবা-সম ঘোড়া চড়ে সেনাপতি॥
দুই ঘোড়ার মধ্যে এক এক কুঞ্জর।
তার পৃষ্ঠে আরোহণ যোদ্ধা বীরবর॥
কাঞ্চনের দণ্ড ধ্বজ রথের উপর।
কত বা নেতের উড়ে পতাকা সুন্দর॥

ধূম্রলোচনের যুদ্ধ-সজ্জা।

(১) যমজয়ী।

রথবর্ণন।

তাহার উপরে বান্ধে চামর গঙ্গাজল (১)।
রত্ন প্রবাল লাগে করে ঝলমল॥
নেতের ওয়ারি (২) দিল তাহার উপর।
স্থানে স্থানে দণ্ডে লাগে অমূল্য পাথর॥
রূপার আওাস (৩) রথে করে ঝলমল।
শরতে প্রকাশ যেন গগন-মণ্ডল॥
কাঞ্চনের যুদ্ধ ঘরা তাহাতে তুলিল।
বহুবিধ ধনে তাহা সুসজ্জ করিল॥
সোণার সাঁড়ক রুয়া সোণার ছাটনি।
রজতের গুণে তাতে তুলিল বান্ধনি॥
আন্ধারী পারিয়া নেতে ছাইছে চামরে।
কনক কলস দিল চালের উপরে॥
ফটিকের স্তম্ভ দিল ভবন মাঝার।
নানা বর্ণে শিলা দিল মধ্যে মধ্যে তার॥
নীল কৃষ্ণ পীত শুক্ল পাথর।
ঝলক দর্পণ তাহে দেখিতে সুন্দর॥
হীরার বুম্বুকা তাথে দেখি সুশোভন।
এক স্তম্ভে লাগাইল পঞ্চ রাজার ধন॥
সুবর্ণ আওাস ঘরে করে ঝলমল।
চতুর্দ্দিকে লাগাইল হাড়ীয়া চামর॥
তাহাতে লম্বিত গজ মুকুতার ঝরা।
অন্ধকার মধ্যে যেন দীপ্ত করে তারা॥
মধ্যে মধ্যে লাগে হীরা মুকুতা খিচনি।
যুদ্ধ ঘর আভা যেন দেখি দিনমণি॥
রথের উপরে কৈল মায়া-সরোবর।
তৃষ্ণাতুর হৈতে তাথে খাইতে চাহে জল॥
প্রহর-প্রমাণ কৈল মায়া-সরোবর।
ফটিক আকৃতি দেখি তার মধ্যে জল॥
কাঞ্চনের তরু তীরে শোভে মনোহর।
তাহাতে শোভিছে সর্ব মাণিকের ফল॥

---

(১) গঙ্গাজলী চামর = শ্বেত চামর।
(২) আবরণ।
(৩) আওাস = আবাস = বাসগৃহ। এখানে রথীর বসিবার স্থান

বারিমধ্যে পদ্মপুষ্প ফুটিছে বিস্তর।
উড়ে পড়ে কেলি করে পক্ষী জলচর॥
রাজহংসগণ চরে দেখিতে সুন্দর।
কনক-কমল-দলে পড়িছে ভ্রমর॥
মৃণাল খাইতে তাতে নাম্বিছে কুঞ্জর।
ঘোর নাদ করে তাতে শুনি ভয়ঙ্কর॥
সারথি করিল রথ কাঞ্চনে নির্ম্মাণ।
নানারূপ করে তাতে পুষ্পের উদ্যান॥
নেহালী বান্ধুলী যূথী মল্লিকা টগর।
লবঙ্গ মাধবীলতা চাঁপা নাগেশ্বর॥
তমাল রঙ্গন পুষ্প মালতী সুন্দর।
স্থলপদ্ম পারিজাত যূথী মনোহর॥
কেতকী ধাতকী দলা জবা করবীরে।
পদ্ম পারিজাত কুন্দ রঙ্গন সুন্দরে॥
নানা পুষ্প উদ্যানে রোপিল মনোহর।
সৌরভ ধাইল তার এক প্রহর॥
রত্নময় রথখান করিল সাজন।
যত অস্ত্র তোলে তাহা না যায় লিখন॥
হেন মতে দিব্য রথ করিয়া সাজন।
সাক্ষাৎ করিল যথা ধূম্রলোচন॥

সুরথরাজার দুর্গাপূজার জন্য দেবীর মন্দির নির্ম্মাণ।

সঙ্গে লয়ে শিল্পিগণ বিশ্বকর্ম্মা দিল মন
অম্বিকার দেহরা নির্ম্মিতে।
নানা বর্ণে আনি শিলা দেউল (১) নির্ম্মাণ কৈলা
শিল্পিগণ লয়া সাবহিতে॥
চারি প্রহর রাতি জ্বালিয়া রত্নের বাতি
জাগরণে করে নিরমাণ।
নানা রূপ কৈল তাথে আপনার মনোরথে
শিরে ধরি অভয়া-চরণ॥

---

(১) দেবালয়

খণ্ড খণ্ড করি শিলা নানা রত্ন আরোপিলা
তার মধ্যে মধ্যে দিল শিলা।
নীল কৃষ্ণ শ্বেত রক্ত তাহাতে সুবর্ণ বেক্ত
পঞ্চ বর্ণ কৈল নিয়োজনা॥
দেউল উপর ভাগে পঞ্চ বর্ণ তাতে লাগে
কনক কলস লাগে চূড়ে।
তাহাতে পতাকা নেতে কৃষ্ণ বর্ণ বাস তাতে
পবনে সমূলে তাহা উড়ে॥
নানারূপে বেড়া কৈল তাহাতে দর্পণ দিল
হীরা মতি কাঞ্চন সহিতে।
দেখিতে সুন্দর তায় নানারূপে নিরমায়
শিল্পিগণ লয়া সাবহিতে॥
দেউলের চারি দ্বার রূপে খণ্ডে অন্ধকার
কনক কপাট চারি দ্বারে।
তাথে দিল বহু ধন যেন সূর্য্য-কিরণ
সন্তোষ করিতে অম্বিকারে॥
দেউলের মধ্য ভাগে নানা বর্ণে শিলা লাগে
প্রতিমা স্থাপিতে বেদী কৈল।
তাহার সমুখে কৈল মণ্ডলের বেদী হৈল
বহুধন তাথে লাগাইল॥
পাষাণে নিৰ্ম্মায় ঘর এক শত মনোহর
দেউলের পশ্চিম ভাগেতে।
তাহাতে সুসজ্জ কৈল নানারূপে নিৰ্ম্মাইল
রচনা বান্ধিতে বিধিমতে॥
দেউলের পূর্ব্বে কৈল হোমশালা নিৰ্ম্মাইল
নানা রত্নে বিচিত্র নিৰ্ম্মাণ।
বিধিমতে মুণ্ড করে সূত্র ধরি মধ্য ঘরে
বিশ্বকৰ্ম্মা হয়া সাবধান॥
দক্ষিণেত দিল মন সঙ্গে লয়া শিল্পিগণ
নাট-শালা করয়ে নিৰ্ম্মাণ।
পাথরে করিল ঘর দেখি তাহা মনোহর
শিরে ধরি অম্বিকা-চরণ॥
বসিতে সর্ব্বজন কৈল দিব্য ভবন
নানা বর্ণে পাথরে নিৰ্ম্মিল।

তাতে লাগে বহুধন ঝলমল অনুক্ষণ
বহুবিধি সুসজ্জ করিল॥
অগ্নিকোণে বান্ধঘর দেখি অতি মনোহর
উচ্চ কৈল যোজন-প্রমাণ।
আর যত ভবন রহিতে অতিথিগণ
গড়ে বিশা করিয়া যতন॥
দেউলের উত্তর দ্বারে দিব্য ভোগশালা করে
নানা ধনে দেখিতে সুন্দর।
সেহিত ভবন মাঝে স্ফটিকের স্তম্ভ সাজে
দ্বারেত কপাট মনোহর॥
বিশ্বকর্ম্মা দিয়া মন সহস্রেক ভবন
যত্নে কৈল দুর্গার পুরীতে।
পাষাণে বেড়িল পুরী শত হাত উচ্চ করি
চারি দ্বারে কপাট শিলাতে॥
পুরী মধ্যে সরোবরে বিশাই নির্ম্মাণ করে
দীর্ঘ প্রস্থ প্রমাণ বিশাল।
পাথরে বান্ধিল ঘাট আর যত নাচবাট (১)
তাতে তোয় স্ফটিক আকার॥
জলেত পঙ্কজ শোভে অলি ভ্রমে মধুলোভে
তীরে তরু দেখিতে সুন্দর।
পুষ্পের উদ্যান করে দেখি অতি মনোহরে
সৌরভ ধাইছে দিগন্তর॥
আনন্দিতে বিশ্বকর্ম্ম পূরে করে নানা কর্ম্ম
অভয়ার মনোরথ কাযে।
প্রতিমা আনিয়া যবে দেউল (২) স্থাপিল তবে
কৈলাস-সমান পুরী সাজে॥
চড়থাবাড়ীতে ঘর যদুনাথ বংশধর
নাম দ্বিজ কমললোচন।
চণ্ডিকা-বিজয় গীত জগজন মনোহিত
শিরে ধরি শ্রীনাথ-চরণ॥

---

(১) নৃত্য-শালা।
(২) দেউলে=দেবালয়ে।

হরিরাম।

